পদ্ধতিগত সুরক্ষা নোটিশ

সেপ্টেম্বর 2022

THE LEGAL FRAMEWORK
for the Child-Centered Special Education Process

লিগ্যাল ফ্রেমওয়ার্ক লিঙ্ক

TEA
Texas Education Agency

TEA বিশেষ শিক্ষার লিঙ্ক

সূচিপত্র

পদ্ধতিগত সুরক্ষা নোটিশ **1**
প্রতিবন্ধী শিশুদের পিতামাতার অধিকার **1**
বিশেষ শিক্ষায় পদ্ধতিগত সুরক্ষা 1
পিতামাতা হিসাবে পালক পিতামাতা 1
সারোগেট (প্রতিনিধি) পিতামাতা 2
চাইল্ড ফাইন্ড (CHILD FIND) 2
অগ্রিম লিখিত নোটিশ 2
অভিভাবকীয় সম্মতি 3
প্রতিবন্ধী শিশুদের শৃঙ্খলকরণ পদ্ধতি 6
নোটিফিকেশন 8
সাধারণ 8
আপিলের সময় প্লেসমেন্ট 9
পিতামাতা কর্তৃক স্বেচ্ছায় প্রাইভেট স্কুলে প্লেসমেন্ট 12
পিতামাতার অধিকার হস্তান্তর 13
বিশেষ শিক্ষা সম্পর্কিত তথ্য 14
মতবিরোধের সমাধান 14
স্টেট IEP সুবিধাপ্রদান (STATE IEP FACILITATION) 15
মধ্যস্থা পরিষেবাদি 15
বিশেষ শিক্ষার অভিযোগ নিষ্পত্তি প্রক্রিয়া 16
যথাযথ প্রক্রিয়ার পদ্ধতিসমূহ 17
যোগাযোগের তথ্য 26
বিরোধ সমাধানের যোগাযোগের তথ্য 26

SPEDTex পরিবারের জন্য একটি বিশাল রিসোর্স!

বিশেষ শিক্ষা তথ্য কেন্দ্র SPEDTex- এর সাথে যোগাযোগ করুন।

SPEDTEX
Special Education Information Center

www.spedtex.org | 1.855.773.3839

কপিরাইট © 2022। **টেক্সাস এডুকেশন এজেন্সি। সর্বস্বত্ব সংরক্ষিত।**

পদ্ধতিগত সুরক্ষা নোটিশ
প্রতিবন্ধী শিশুদের পিতামাতার অধিকার

2004 সালে সংশোধিত প্রতিবন্ধী ব্যক্তিদের শিক্ষা আইন (IDEA) অনুযায়ী প্রতিবন্ধী শিশুদের পিতামাতাকে একটি নোটিশ দিয়ে IDEA-এর অধীনে উপলব্ধ পদ্ধতিগত সুরক্ষার সম্পূর্ণ ব্যাখ্যা এবং এর বাস্তবায়ন বিধিমালা স্কুলগুলির সরবরাহ করতে হবে। টেক্সাস এডুকেশন এজেন্সি (TEA) কর্তৃক প্রস্তুতকৃত এই ডকুমেন্টের উদ্দেশ্য হল এই নোটিশের প্রয়োজনীয়তা পূরণ করা এবং প্রতিবন্ধী শিশুদের পিতামাতাকে IDEA-এর অধীনে তাদের অধিকার বুঝতে সহায়তা করা।

বিশেষ শিক্ষায় পদ্ধতিগত সুরক্ষা

IDEA অনুসারে, *পিতামাতা (parent)* পরিভাষাটির অর্থ হল আসল পিতা-মাতা, দত্তক নেওয়া পিতা-মাতা, পালক পিত-মাতা, যিনি স্টেটের আবশ্যিকতাগুলিপূরণ করেন, অভিভাবক, আসল পিতামাতা বা দত্তক নেওয়া পিতামাতার স্থলাভিষিক্ত কোন ব্যক্তি, দাদা-দাদি, সৎ পিতামাতা, বা অন্য আত্মীয়-স্বজন সহ যার সাথে বাচ্চা থাকে, এমন কোন ব্যক্তি যিনি সন্তানের কল্যাণের জন্য আইনত দায়বদ্ধ, বা সরোগেট (প্রতিনিধি) পিতামাতা।

মাতৃভাষা পরিভাষাটি যখন ইংরেজীতে কম দক্ষতাসম্পন্ন কারও ক্ষেত্রে ব্যবহৃত হয়, তখন সেই ব্যক্তির সাধারণত ব্যবহৃত ভাষাকে বুঝায়। যখন বধির বা শ্রবণ-সমস্যাজনিত ব্যক্তিদের ক্ষেত্রে ব্যবহৃত হয়, তখন তা সেই ব্যক্তি দ্বারা সাধারণত ব্যবহৃত যোগাযোগের মাধ্যমকে বুঝায়।

আপনাকে এই *পদ্ধতিগত সুরক্ষা নোটিশ* এক স্কুল বর্ষে কেবল একবার স্কুলের দেওয়া প্রয়োজন, তবে এই ব্যতিক্রম অবস্থাগুলিতে আপনাকে ডকুমেন্টের আরেকটি কপি স্কুলের দিতে হবে: প্রথম রেফারেল গ্রহণের পরে বা মূল্যায়নের জন্য আপনি অনুরোধ করলে; TEA-তে দায়ের করা প্রথম বিশেষ শিক্ষার অভিযোগ পাওয়ার পরে, বা আপনি অনুরোধ করলে একটি স্কুল বর্ষে প্রথম যথাযথ প্রক্রিয়া শুনানির অভিযোগ পাওয়ার পরে; যখন প্লেসমেন্ট পরিবর্তনের জন্য শাস্তিমূলক ব্যবস্থার বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হয়।।

কোন ভর্তি, পর্যালোচনা এবং বরখাস্ত (ARD) কমিটির মাধ্যমে আপনি এবং স্কুল আপনার সন্তানের শিক্ষার প্রোগ্রামের ব্যাপারে সিদ্ধান্ত নেন। ARD কমিটি আপনার সন্তান বিশেষ শিক্ষা এবং তৎসংশ্লিষ্ট পরিষেবার জন্য যোগ্য কিনা এব্যাপারটি নির্ধারণ করবে। ARD কমিটি আপনার সন্তানের পৃথক শিক্ষার প্রোগ্রাম (IEP) বিকাশ, পর্যালোচনা, ও সংশোধন করে এবং আপনার সন্তানের শিক্ষার প্লেসমেন্ট নির্ধারণ করে। ARD কমিটি এবং IDEA-এর ভূমিকা সম্পর্কিত অতিরিক্ত তথ্য আপনার স্কুল থেকে সংযুক্ত ডকুমেন্টে পাওয়া যায় *ভর্তি, পর্যালোচনা, এবং বরখাস্ত প্রক্রিয়ার পিতা-মাতার গাইড* (লিংক: fw.escapps.net)।

পিতামাতা হিসাবে পালক পিতামাতা

IDEA-এর অধীনে, পালক পিতামাতা পিতামাতা হিসাবে কাজ করতে পারে যতক্ষণ না স্টেট আইন বা বিধি এটি নিষিদ্ধ করে বা স্টেট বা স্থানীয় পক্ষের সাথে চুক্তিগত বাধ্যবাধকতা কোন পালক পিতামাতাকে পিতামাতা হিসাবে কাজ করতে নিষেধ করে। টেক্সাসে আপনি যদি কোন প্রতিবন্ধী সন্তানের পালক পিতামাতা হন, তাহলে আপনি পিতামাতা হিসাবে কাজ করতে পারেন যদি আপনি বিশেষ শিক্ষার সিদ্ধান্ত গ্রহণে অংশ নিতে সম্মত হন এবং সন্তানের পরবর্তী ARD কমিটির বৈঠকের আগে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রোগ্রামটি সম্পন্ন করেন, তবে তা সন্তানের জন্য বিশেষ শিক্ষার সিদ্ধান্ত গ্রহণের লক্ষ্যে আপনি পিতামাতা হিসাবে ভূমিকা শুরু করার 90 দিনের পরে হতে পারবেনা। আপনি একটি অনুমোদিত প্রশিক্ষণ প্রোগ্রাম শেষ করলে একই সন্তানের পিতামাতার ভূমিকা পালন করতে বা পিতামাতা হিসাবে কাজ করতে বা অন্য সন্তানের জন্য সারোগেট (প্রতিনিধি) পিতামাতা হিসাবে কাজ করতে পুনরায় কোনও প্রশিক্ষণ প্রোগ্রাম নিতে হবে না। যদি স্কুল বিশেষ শিক্ষার সিদ্ধান্ত গ্রহণের উদ্দেশ্যে আপনাকে পিতামাতা হিসাবে নিয়োগ না করার সিদ্ধান্ত নেয়, তাহলে সিদ্ধান্ত গ্রহণের তারিখ হতে সাত কর্মদিবসের মধ্যে আপনাকে অবশ্যই লিখিত নোটিশ দিতে হবে। নোটিশে অবশ্যই স্থানীয় শিক্ষামূলক এজেন্সির (LEA) এই সিদ্ধান্তের কারণ ব্যাখ্যা করতে হবে এবং আপনাকে

অবশ্যই অবহিত করতে হবে যে আপনি TEA-এর কাছে একটি বিশেষ শিক্ষার অভিযোগ দায়ের করতে পারেন।

সারোগেট (প্রতিনিধি) পিতামাতা

যথাযথ প্রচেষ্টার পরেও যদি স্কুল কোনও সন্তানের পিতামাতাকে সনাক্ত বা সন্ধান করতে না পারে, পিতামাতার দায়িত্ব পালন করতে পালক পিতামাতা অনিচ্ছুক বা অক্ষম, শিশু পালক পিতামাতার হোম সেটিংয়ে বাস করে না বা শিশুটি স্টেটের সন্তান হয়, তাহলে স্কুলের অবশ্যই সন্তানের জন্য পিতামাতা হিসাবে কাজ করার জন্য সারোগেট (প্রতিনিধি) পিতামাতা নিয়োগ করতে হবে যতক্ষণ না সন্তানের জন্য স্টেটের সন্তান হিসাবে আদালত কোনও সরোগেট পিতামাতা নিযুক্ত করে। ম্যাককিনে-ভেন্টো গৃহহীন সহায়তা আইন (McKinney-Vento Homeless Assistance Act) অনুসারে নিঃসঙ্গ গৃহহীন কিশোরের জন্য স্কুলকে একজন সারাগেট পিতামাতা নিয়োগ করতে হবে। গৃহহীন বা বিকল্প পরিচর্যায় থাকা শিশুটির জন্য সারোগেট পিতামাতা নিয়োগের পরে যতদ্রুত সম্ভব সন্তানের শিক্ষাগত সিদ্ধান্ত গ্রহণকারী এবং কেস কর্মীকে এই নিয়োগের লিখিত নোটিশ স্কুলের সরবরাহ করতে হবে।
আরও তথ্যের জন্য, ভিজিট করুন গৃহহীন বোধ করা শিশু এবং কিশোর(লিংক: bit.ly/39v6KzG)।

সারোগেট পিতামাতার দায়িত্ব গ্রহণে যোগ্য হওয়ার জন্য আপনি অবশ্যই TEA, স্কুল বা সন্তানের পড়াশোনা বা যত্নের সাথে জড়িত কোনও সংস্থার কর্মী হতে পারবেন না এবং সন্তানের স্বার্থের সাথে সাংঘর্ষিক তেমন কোনও স্বার্থ আপনার থাকতে পারবে না। সারোগেট পিতা-মাতা হিসাবে নিযুক্ত ব্যক্তির অবশ্যই পর্যাপ্ত জ্ঞান ও দক্ষতা থাকতে হবে, সেবা প্রদানের জন্য ইচ্ছুক হতে হবে, সন্তানের স্বার্থ অন্বেষণে স্বতন্ত্র যুক্তি প্রয়োগ করতে হবে, নিশ্চিত হবেন যে সন্তানের যথাযথ প্রক্রিয়া অধিকার লঙ্ঘিত হয়নি, সন্তানের এবং স্কুল ভিজিটে যাবেন, সন্তানের পড়াশুনার রেকর্ড পর্যালোচনা করবেন, সন্তানের পড়াশুনার সাথে সংশ্লিষ্ট যে কোনও ব্যক্তির সাথে পরামর্শ করবেন, ARD কমিটির বৈঠকে যোগ দেবেন, এবং একটি প্রশিক্ষণ প্রোগ্রাম সম্পূর্ণ করবেন। সারোগেট পিতামাতা হিসাবে কাজ করার জন্য কোনও স্কুল কর্তৃক নিযুক্ত ব্যক্তিকে অবশ্যই তার পরবর্তী নির্ধারিত ARD কমিটির বৈঠকের আগে প্রশিক্ষণ প্রোগ্রামটি সম্পূর্ণ করতে হবে, তবে সারোগেট পিতামাতা হিসাবে প্রাথমিক নিয়োগের তারিখের 90 তম দিনের পরে নয়। আপনি একটি অনুমোদিত প্রশিক্ষণ প্রোগ্রাম শেষ করলে একই সন্তানের পিতামাতার ভূমিকা পালন করতে বা পিতামাতা হিসাবে কাজ করতে বা অন্য সন্তানের জন্য সারোগেট (প্রতিনিধি) পিতামাতা হিসাবে কাজ করতে পুনরায় কোনও প্রশিক্ষণ প্রোগ্রাম নিতে হবে না।

সারোগেট পিতামাতাদের সম্পর্কে অতিরিক্ত প্রয়োজনীয়তার জন্য দয়া করে দেখুন 19 TAC §89.1047 (লিংক: bit.ly/39B7jIa)।

চাইল্ড ফাইন্ড (Child Find)

স্টেটে বসবাসরত সকল প্রতিবন্ধী শিশু, যাদের বিশেষ শিক্ষা এবং তৎসম্পর্কিত পরিষেবার প্রয়োজন, প্রতিবন্ধী শিশু যারা গৃহহীন শিশু বা স্টেটের সন্তান এবং প্রতিবন্ধীতার তীব্রতা নির্বিশেষে প্রতিবন্ধী শিশু যারা প্রাইভেট স্কুলে পড়াশুনা করে, তাদের অবশ্যই সনাক্ত, অবস্থান-নির্ণয় এবং মূল্যায়ন করা উচিত। এই প্রক্রিয়াটিকে *Child Find* বলা হয়।

চাইল্ড ফাইন্ড ক্রিয়াকলাপের অংশ হিসাবে, LEA-এর অবশ্যই সংবাদপত্র বা অন্যান্য মিডিয়াতে বা উভয় ক্ষেত্রে একটি বিজ্ঞপ্তি/নোটিশ এমন পর্যাপ্তভাবে প্রকাশ বা ঘোষণা করতে হবে যেন বিশেষ শিক্ষা এবং তৎসম্পর্কিত পরিষেবার প্রয়োজনমুখী শিশুদের সনাক্ত, অবস্থান-নির্ণয় এবং মূল্যায়ন করার জন্য ক্রিয়াকলাপের পিতামাতাকে অবহিত করা যায়।

চাইল্ড ফাইন্ড প্রয়োজনীয়তার পুরো বর্ণনার জন্য দয়া করে দেখুন শিশু কেন্দ্রিক বিশেষ শিক্ষা প্রক্রিয়ার জন্য লিগ্যাল ফ্রেমওয়ার্ক (Link: fw.escapps.net)।

অগ্রিম লিখিত নোটিশ

আপনার সন্তানের বিশেষ শিক্ষার প্রয়োজন সম্পর্কিত স্কুলের পদক্ষেপ সম্পর্কে লিখিত তথ্য আপনাকে দেওয়ার অধিকার আপনার রয়েছে। আপনার সন্তানের সনাক্তকরণ, মূল্যায়ন, বা শিক্ষার প্লেসমেন্ট বা আপনার সন্তানের জন্য সরবরাহকৃত বিনামূল্যে উপযুক্ত পাবলিক এডুকেশন (FAPE) শুরু করার বা পরিবর্তনের প্রস্তাব করার আগে স্কুলকে অবশ্যই পূর্বের লিখিত নোটিশ দিতে হবে। স্কুল আপনার সন্তানের সনাক্তকরণ, মূল্যায়ন, বা শিক্ষার প্লেসমেন্ট বা আপনার সন্তানের জন্য সরবরাহকৃত FAPE শুরু বা পরিবর্তন প্রত্যাখ্যান করার আগে আপনার পূর্ব লিখিত নোটিশ পাওয়ার অধিকার রয়েছে। পরিবর্তনের প্রতি আপনার সম্মতি বা পরিবর্তনের জন্য আপনার

অনুরোধ বিবেচনা না করেই স্কুলের অবশ্যই অগ্রিম লিখিত নোটিশ প্রদান করতে হবে।

টেক্সাসে আপনাকে স্কুলের ক্রিয়া প্রস্তাবনা বা প্রত্যাখ্যানের কমপক্ষে পাঁচ স্কুল দিন আগে লিখিত নোটিশ দিতে হবে যদি আরো কম সময়সীমার প্রতি আপনি সম্মতি না জানান।

স্কুলের অবশ্যই অগ্রিম লিখিত নোটিশে যা অন্তর্ভুক্ত থাকতে হবে: স্কুলের পদক্ষেপগ্রহণ প্রস্তাবনা বা প্রত্যাখ্যানের বিবরণ; স্কুল কেন পদক্ষেপের প্রস্তাব দিচ্ছে বা প্রত্যাখ্যান করছে তার একটি ব্যাখ্যা; স্কুলের পদক্ষেপ প্রস্তাবনা ও প্রত্যাখ্যানের সিদ্ধান্ত নিতে ব্যবহৃত প্রতিটি মূল্যায়ন পদ্ধতি, মূল্যায়ন, রেকর্ড, বা রিপোর্টের বিবরণ; IDEA এর পদ্ধতিগত সুরক্ষার অধীনে আপনার সুরক্ষা রয়েছে এমন একটি বিবৃতি; এই *পদ্ধতিগত সুরক্ষা নোটিশের* একটি কপি কীভাবে পাবেন তার ব্যাখ্যা; ব্যক্তি বা সংস্থার সাথে যোগাযোগের তথ্য যারা আপনাকে IDEA বোঝার ক্ষেত্রে সহায়তা করতে পারে; আপনার সন্তানের ARD কমিটি কর্তৃক বিবেচিত অন্যান্য পছন্দগুলির বিবরণ এবং সেই পছন্দগুলি কেন প্রত্যাখ্যান করা হয়েছে তার কারণগুলি; এবং অন্যান্য ক্রিয়াকলাপ কেন স্কুল প্রস্তাব দেয় বা প্রত্যাখ্যান করে তার একটি বিবরণ।

নোটিশটি অবশ্যই সাধারণ জনগণের বোধগম্য ভাষায় লেখা উচিত এবং এটি আপনার মাতৃভাষায় বা অন্যান্য যোগাযোগ পদ্ধতিতে অনুবাদ করা উচিত যদি এটি স্পষ্টত অসম্ভবপর না হয়।

যদি আপনার নেটিভ ভাষা বা যোগাযোগের অন্যান্য পদ্ধতির কোনও লিখিত ভাষা না থাকে, তাহলে স্কুলের নোটিশটি মৌখিকভাবে বা অন্য কোনও মাধ্যমে আপনার মাতৃভাষায় বা যোগাযোগের অন্যান্য পদ্ধতিতে অনুবাদ করতে হবে যাতে আপনি এটি বুঝতে পারেন। এটি করা হয়েছে মর্মে স্কুলের অবশ্যই লিখিত প্রমাণ থাকতে হবে।

আপনার সন্তানের জন্য স্কুল বিশেষ শিক্ষা এবং তৎসম্পর্কিত পরিষেবা সরবরাহ শুরু করার পরে যদি কোন সময় আপনি পরিষেবার জন্য আপনার সম্মতি প্রত্যাহার করেন, স্কুলটি অবশ্যই আপনার সন্তানের বিশেষ শিক্ষা এবং তৎসম্পর্কিত পরিষেবা সরবরাহ বন্ধ করে দিবে। তবে, পরিষেবা বন্ধ করার পূর্বে পরিষেবা শেষ হওয়ার কমপক্ষে পাঁচ স্কুল দিবসের আগে আপনাকে অবশ্যই স্কুলের অগ্রিম লিখিত নোটিশ দিতে হবে আপনি যদি আরো কম সময়সীমার সাথে একমত না হন।

ইলেক্ট্রনিক মেল

প্রতিবন্ধী সন্তানের পিতামাতা ইলেকট্রনিক মেলের মাধ্যমে লিখিত নোটিশগুলি পাওয়া বেছে নিতে পারেন যদি স্কুলটি একরকম একটি বিকল্প রাখে।

অভিভাবকীয় সম্মতি

কিছু নির্দিষ্ট কাজ করার আগে স্কুলকে অবশ্যই আপনার অবহিত সম্মতিপত্র গ্রহণ করতে হবে। আপনার অবহিত সম্মতি বলতে যা বুঝায়: আপনার অনুমতি চাওয়া হয়েছে এমন ক্রিয়াকলাপ সম্পর্কিত সকল তথ্য আপনার মাতৃভাষয়া বা অন্যান্য যোগাযোগ পদ্ধতিতে আপনাকে দেওয়া হয়েছে; আপনি আপনার অনুমতি চাওয়া হয়েছে এমন ক্রিয়াকলাপগুলি আপনি বুঝতে পারেন এবং তাতে লিখিতভাবে রাজি হয়েছেন, এবং লিখিত সম্মতিতে ক্রিয়াকলাপটির বর্ণনা এবং কোন রেকর্ড এবং কার কাছে প্রকাশিত হবে তার তালিক অন্তর্ভুক্ত থাকে; এবং আপনি বুঝতে পারেন যে আপনার সম্মতি প্রদান স্বেচ্ছাসেবী এবং যে কোনও সময় প্রত্যাহারযোগ্য। আপনি যদি বিশেষ শিক্ষা এবং তৎসম্পর্কিত পরিষেবাদির ধারাবাহিক সরবরাহে আপনার সম্মতি প্রত্যাহার করতে চান, তাহলে আপনাকে অবশ্যই তা লিখিতভাবে করতে হবে। আপনি যদি সম্মতি দেন এবং তারপরে এটি প্রত্যাহার করেন, তবুও আপনার প্রত্যাহার অগ্রহণযোগ্য হবে না।

পিতামাতার সম্মতি নেয়ার জন্য স্কুলকে অবশ্যই যথাযথ প্রচেষ্টার ডকুমেন্ট সংরক্ষণ করতে হবে। স্কুলের সম্মতি প্রাপ্তির প্রচেষ্টা যেমন, টেলিফোনের রেকর্ড, চিঠিপত্রের কপি এবং আপনার ঘর বা কর্মস্থল পরিদর্শন করার বিশদ রেকর্ড ডকুমেন্টেশনে অবশ্যই অন্তর্ভুক্ত থাকতে হবে।

প্রাথমিক মূল্যায়ন

আপনার শিশু IDEA-এর অধীনে প্রতিবন্ধী শিশু হিসাবে যোগ্য কিনা তা নির্ধারণে আপনার সন্তানের প্রাথমিক মূল্যায়ন করার আগে, *পদ্ধতিগত সুরক্ষা নোটিশের* একটি অনুলিপি এবং প্রস্তাবিত মূল্যায়নের একটি অগ্রিম লিখিত নোটিশ আপনাকে দিয়ে স্কুলের আপনার অবহিত সম্মতি নিতে হবে। প্রাথমিক মূল্যায়নের জন্য স্কুলকে আপনার সম্মতি নিতে যথাযথ প্রচেষ্টা করতে হবে। প্রাথমিক মূল্যায়নের জন্য আপনার সম্মতির অর্থ এই নয় যে আপনি আপনার সন্তানের জন্য বিশেষ শিক্ষা এবং তৎসম্পর্কিত পরিষেবাদি সরবরাহ শুরু করার জন্য স্কুলকে আপনার সম্মতি দিয়েছেন। যদি আপনার শিশু স্টেটের সন্তান হয়

এবং আপনার সাথে বসবাস না করে, তাহলে স্কুলের আপনার অনুমতি নিতে হবে না যদি তারা আপনার সন্ধান না পায় বা আপনার অভিভাবকীয় অধিকার সমাপ্ত হয় বা আদালতের আদেশে সেই অধিকার অন্য কাউকে প্রদত্ত হয়।

প্রাথমিক পরিষেবা

আপনার সন্তানকে প্রথমবারের মতো বিশেষ শিক্ষা এবং তৎসম্পর্কিত পরিষেবাদি সরবরাহ করার আগে আপনার স্কুলকে অবশ্যই আপনার অবহিত সম্মতি নিতে হবে। আপনার সন্তানকে প্রথমবারের মতো বিশেষ শিক্ষা এবং তৎসম্পর্কিত পরিষেবাদি সরবরাহ করার আগে আপনার স্কুলকে আপনার অবহিত সম্মতি নেয়ার যথাযথ প্রচেষ্টা অবশ্যই করতে হবে। যদি প্রথমবারের মতো আপনার সন্তানের বিশেষ শিক্ষা এবং তৎসম্পর্কিত পরিষেবাদি পাওয়ার জন্য আপনার সম্মতি প্রদানের অনুরোধে সাড়া না দেন, অথবা আপনি যদি এই রকম সম্মতি দিতে অস্বীকার করেন বা পরে আপনার সম্মতি লিখিতভাবে প্রত্যাহার (বাতিল) করেন, আপনার সন্তানের ARD কমিটির সুপারিশকৃত বিশেষ শিক্ষা এবং তৎসম্পর্কিত পরিষেবাদি আপনার সম্মতি ছাড়াই আপনার সন্তানের জন্য সরবরাহ করা হতে পারে এমন চুক্তি বা একট নিয়ম লাগু করা লাভ করতে আপনার স্কুল পদ্ধতিগত সুরক্ষা (যেমন- মধ্যস্থতা, যথাযথ প্রক্রিয়া অভিযোগ, সমাধান সভা, বা একটি নিরপেক্ষ যথাযথ প্রক্রিয়া শুনানি) ব্যবহার করতে পারবে না।

যদি প্রথমবারের মতো আপনার সন্তানের বিশেষ শিক্ষা এবং তৎসম্পর্কিত পরিষেবাদি পাওয়ার জন্য আপনি সম্মতি দিতে অস্বীকার করেন, বা আপনি যদি এই রকম সম্মতি প্রদানের অনুরোধে সাড়া না দেন বা পরে আপনার সম্মতি লিখিতভাবে প্রত্যাহার (বাতিল) করেন এবং স্কুল আপনার সন্তানের সেই বিশেষ শিক্ষা এবং তৎসম্পর্কিত পরিষেবাগুলি সরবরাহ না করে যার জন্য আপনার সম্মতি চেয়েছিল, তাহলে আপনার স্কুল আপনার সন্তানের সেই পরিষেবাদি সরবরাহে ব্যর্থতার কারণে আপনার সন্তানের কাছে একটি FAPE সরবরাহ করার প্রয়োজনীয়তা লঙ্ঘন করছে না; এবং আপনার সম্মতি চাওয়া হয়েছিল এমন বিশেষ শিক্ষা এবং তৎসম্পর্কিত পরিষেবাদি দিতে আপনার সন্তানের জন্য একটি ARD কমিটির মিটিং বা IEP বিকাশ করার স্কুলের প্রয়োজন নেই।

আপনার সন্তানকে প্রথমবারের মতো বিশেষ শিক্ষা এবং সম্পর্কিত পরিষেবা সরবরাহ করার পরে আপনি যদি কোন সময় আপনার সম্মতি লিখিতভাবে প্রত্যাহার (বাতিল) করেন, তাহলে স্কুল এ জাতীয় পরিষেবাদি সরবরাহ অব্যাহত না রাখতে পারে, তবে সেই পরিষেবাদি বন্ধ করার আগে আপনাকে "অগ্রিম লিখিত নোটিশ" শিরোনামের অধীনে বিদ্যমান বর্ণনা অনুযায়ী অগ্রিম লিখিত নোটিশ সরবরাহ করতে হবে।

পুনর্মূল্যায়ন

স্কুল আপনার সন্তানের পুনর্মূল্যায়নের জন্য অবশ্যই আপনার সম্মতি গ্রহণ করবে তা না হলে দেখাতে পারে যে স্কুল আপনার সম্মতি নেয়ার জন্য যথাযথ পদক্ষেপ নিয়েছে এবং আপনি সাড়া দিতে ব্যর্থ হয়েছেন।

ওভাররাইড (অগ্রাহ্য) প্রক্রিয়া - যদি আপনার শিশু পাবলিক স্কুলে ভর্তি হয় বা আপনি আপনার শিশুকে একটি সরকারি স্কুলে ভর্তি করতে চান এবং আপনি প্রাথমিক মূল্যায়নের জন্য সম্মতি দেওয়ার অনুরোধে সাড়া দিতে অস্বীকৃতি জানিয়েছেন বা ব্যর্থ হয়েছেন, তাহলে IDEA-এর মধ্যস্থতা বা যথাযথ প্রক্রিয়া অভিযোগ, রেজ্যুলেশন সভা, বা একটি নিরপেক্ষ যথাযথ শুনানি প্রক্রিয়া ব্যবহার করে আপনার স্কুল আপনার সন্তানের প্রাথমিক মূল্যায়ন করার চেষ্টা করতে পারে, তবে এটি আবশ্যিক নয়। আপনার স্কুল আপনার সন্তানের সনাক্তকরণ, অবস্থান-নির্ণয় এবং মূল্যায়ন করার দায়িত্বগুলি লঙ্ঘন করবে না (চাইল্ড ফাইন্ড বাধ্যবাধকতা) যদি তা এই পরিস্থিতিতে আপনার সন্তানের মূল্যায়ন চালাতে না পারে।

আপনি যদি আপনার সন্তানের পুনর্মূল্যায়নের সম্মতি জানাতে অস্বীকার করেন, তাহলে আপনার স্কুল মধ্যস্থতা বা যথাযথ প্রক্রিয়া অভিযোগ, রেজ্যুলেশন সভা, বা একটি নিরপেক্ষ যথাযথ শুনানি প্রক্রিয়া ব্যবহার করে আপনার সন্তানের পুনর্মূল্যায়ন করার চেষ্টা করতে পারে যেন আপনার সন্তানের পুনর্মূল্যায়নের সম্মতিদানে আপনার অস্বীকৃতি অগ্রাহ্য করার চেষ্টা করতে পারে, তবে এটি আবশ্যিক নয়। যেমনি প্রাথমিক মূল্যায়নগুলির ক্ষেত্রে, আপনার স্কুল IDEA অনুসারে তার বাধ্যবাধকতা লঙ্ঘন করে না যদি এই পদ্ধতিতে পুনর্মূল্যায়ন করতে অস্বীকার করে।

যদি হোমস্কুলিংভূক্ত বা পিতামাতা কর্তৃক নিজ খরচে প্রাইভেট স্কুলে ভর্তিকৃত এমন কোন সন্তানের পিতামাতা প্রাথমিক মূল্যায়ন বা পুনর্মূল্যায়নের জন্য সম্মতি না দেন বা সম্মতি প্রদানের অনুরোধে সাড়া দিতে পিতামাতা ব্যর্থ

হন, তাহলে স্কুল বর্ণিত IDEA এর সম্মতি ওভাররাইড (অগ্রাহ্য) প্রক্রিয়া ব্যবহার করতে পারবে না। স্কুল ডিস্ট্রিক্টের আপনার শিশুকে ন্যায্য পরিষেবাদি (প্রতিবন্ধী শিশুদের জন্য পিতামাতা-প্রতিষ্ঠিত কিছু বেসরকারী স্কুলগুলির জন্য উপলব্ধ পরিষেবাদি) পাওয়ার যোগ্য হিসাবে বিবেচনা করার প্রয়োজন নেই।

আপনার সন্তানের মূল্যায়ন বা পুনর্মূল্যায়েনর অংশ হিসাবে বিদ্যমান ডেটা স্কুল কর্তৃক পর্যালোচনা করার বা আপনার সন্তানকে একটি পরীক্ষা বা অন্যান্য মূল্যায়ন দেয়ার আগে, যা সকল শিশুদের দেওয়া হয়, আপনর অনুমতি নেয়ার প্রয়োজন নেই যদি সকল শিশুদের ক্ষেত্রে পিতামাতা/ অভিভাবক সম্মতি প্রয়োজন না হয়। স্কুল আপনাকে বা আপনার সন্তানের অন্য কোন পরিষেবা, বেনেফিট বা ক্রিয়াকলাপ না দেয়ার জন্য আপনার একটি পরিষেবা বা ক্রিয়াকলাপের সম্মতিদানে অস্বীকৃতিকে ব্যবহার করতে পারে না।

স্বতন্ত্র শিক্ষাগত মূল্যায়ন

একটি স্বতন্ত্র শিক্ষাগত মূল্যায়ন (**IEE**) হল এমন একটি মূল্যায়ন যা স্কুল কর্তৃক নিযুক্ত নয় এমন কোন যোগ্য ব্যক্তি দ্বারা পরিচালিত হয়। আপনি যদি আপনার স্কুল কর্তৃক গৃহীত আপনার সন্তানের মূল্যায়নে একমত না হন, তাহলে আপনার সন্তানের একটি IEE পাওয়ার অধিকার আপনার রয়েছে। আপনি যখন একটি IEE-এর জন্য অনুরোধ করবেন, তখন স্কুল অবশ্যই আপনাকে সেটি মূল্যায়নের মানদণ্ড এবং কোথায় IEE নিতে হয় সে সম্পর্কে তথ্য দেবে।

সরকারি খরচে IEE

আপনি যদি স্কুল কর্তৃক প্রদত্ত মূল্যায়নের সাথে একমত না হন, তাহলে সরকারি খরচে আপনার সন্তানের স্কুলের পক্ষীয় নয় এমন কোন ব্যক্তি দ্বারা মূল্যায়ন করতে অনুরোধ করার অধিকার আপনার রয়েছে।

সরকারি খরচ (Public expense) বলতে বুঝায় স্কুল হয়তো মূল্যায়নের পুরো খরচের জন্য অর্থ প্রদান করে বা নিশ্চিত করে যে অন্যথায় মূল্যায়ন আপনাকে কোনও খরচ ছাড়াই সরবরাহ করা হয়।

যদি আপনি সরকারি খরচে আপনার সন্তানের IEE- এর অনুরোধ করেন, তাহলে আপনার স্কুল অনতিবিলম্বে এগুলির যে কোন একটি অবশ্যই করবে: (ক) আপনার সন্তানের মূল্যায়ন সঠিক কিনা তা প্রমাণ করার জন্য শুনানি অনুরোধ করতে যথাযথ প্রক্রিয়া অভিযোগ দায়ের করবে; অথবা (খ) সরকারি খরচে একটি IEE সরবরাহ করবে যদি স্কুল একটি শুনানিতে এটা প্রদর্শন না করে যে আপনার দ্বারা প্রাপ্ত আপনার সন্তানের মূল্যায়ন স্কুলের মানদণ্ড পূরণ করেনি।

যদি স্কুলের পরিচালিত মূল্যায়নে আপনি অসন্তোষ প্রকাশ করেন, তাহলে প্রতিবার সরকারি খরচে আপনি কেবলমাত্র একটি IEE-এর অধিকারী হন।

আপনি যদি আপনার সন্তানের IEE -এর অনুরোধ করেন, তাহলে স্কুল আপনাকে জিজ্ঞাসা করতে পারে আপনি কেন আপনার স্কুল দ্বারা প্রাপ্ত আপনার সন্তানের মূল্যায়নে আপত্তি করছেন। তবে, আপনার স্কুলের ব্যাখ্যার প্রয়োজন না হতে পারে এবং অযৌক্তিকভাবে বিলম্বও না করতে পারে হয়তো সরকারি খরচে আপনার সন্তানের IEE সরবরাহ করবে নতুবা একটি যথাযথ প্রক্রিয়া অভিযোগ দায়ের করবে যেন আপনার সন্তানের স্কুলের মূল্যায়ন সমর্থনের জন্য যথাযথ প্রক্রিয়া শুনান অনুরোধ করতে পারে।

IEE-র মানদন্ড

যদি কোন IEE সরকারি খরচে হয়, তাহলে মূল্যায়নের অবস্থান এবং পরীক্ষকের যোগ্যতা সহ যে মানদন্ডের অধীনে মূল্যায়ন প্রাপ্ত হয় তা অবশ্যই স্কুলের সেই মানদন্ডের অনুরুপ হবে যা মূল্যায়ন পরিচালনায় ব্যবহৃত হয় যেখানে সেই মানদন্ড আপনার IEE অধিকারের সাথে সামঞ্জস্যপূর্ণ হবে। পূর্ববর্তী মানদণ্ড ব্যতীত, স্কুল সরকারি খরচে IEE প্রাপ্তির সাথে সংশ্লিষ্ট শর্ত বা সময়সীমা আরোপ করতে পারে না।

শুনানি আধিকারিকের সিদ্ধান্ত

যদি স্কুল একটি যথাযথ প্রক্রিয়া শুনানি অনুরোধ করতে যথাযথ প্রক্রিয়া অভিযোগ দায়ের করে এবং শুনানি আধিকারিক নির্ধারণ করে যে স্কুলের মূল্যায়ন যথাযথ হয়েছে বা আপনি যে IEE প্রাপ্ত হয়েছেন তা স্কুলের IEE মানদণ্ডের সাথে মেলে না, তাহলে IEE-এর জন্য স্কুলের কোন খরচ দিতে হবে না।

ব্যক্তিগত খরচে IEE

আপনার নিজের খরচে সর্বদা IEE পাওয়ার অধিকার আপনার রয়েছে। কে এটির জন্য অর্থ প্রদান করছে এই বিবেচনা ব্যতিরেকে, আপনার সন্তানকে FAPE সরবরাহ করা সম্পর্কে যে কোনও সিদ্ধান্তে স্কুলকে অবশ্যই এই IEE

বিবেচনা করতে হবে যদি IEE স্কুলের মানদণ্ড পূরণ করে। যথাযথ প্রক্রিয়া শুনানিতে আপনি একটি IEE প্রমাণ হিসাবে উপস্থাপন করতে পারেন।

একজন শুনানি আধিকারিক কর্তৃক আদেশকৃত IEE

যদি একজন শুনানি আধিকারিক কোন যথাযথ প্রক্রিয়া শুনানির অংশ হিসাবে একটি IEE আদেশ দেন, তাহলে স্কুলকে অবশ্যই এটির জন্য অর্থ প্রদান করতে হবে।

প্রতিবন্ধী শিশুদের শৃঙ্খলকরণ পদ্ধতি

স্কুল কর্মীর অধিকার

কেস-বাই-কেস নির্ধারণ

স্কুল কর্মীরা কেস-বাই-কেস ভিত্তিতে কোন ভিন্ন পরিস্থিতি বিবেচনা করতে পারে এটি নির্ধারণেরে ক্ষেত্রে যে শৃঙ্খলা সম্পর্কিত নিম্নোক্ত প্রয়োজনীয়তা অনুসারে কৃত প্লেসমেন্ট পরিবর্তন স্কুলের ছাত্রদের আচরণবিধি লঙ্ঘন করা একটি প্রতিবন্ধী সন্তানের জন্য উপযুক্ত কিনা।

সাধারণ

প্রতিবন্ধী শিশুদের জন্য এ জাতীয় পদক্ষেপ গ্রহণের ক্ষেত্রে স্কুল কর্মীরা ছাত্রদের আচরণবিধি লঙ্ঘন করা একটি প্রতিবন্ধী শিশুকে তার বর্তমান প্লেসমেন্ট হতে একটি উপযুক্ত অন্তর্বর্তী বিকল্প শিক্ষামূলক সেটিং (IAES), অন্য সেটিং বা স্থগিতকরণে অনধিক একটানা 10 স্কুল দিবসের জন্য অপসারণ করতে পারে। স্কুল কর্মীরা অসদাচরণের পৃথক ঘটনার জন্য একই শিক্ষাবর্ষে অনধিক টানা 10 স্কুল দিবসের জন্য শিশুকে অতিরিক্ত অপসারণ আরোপ করতে পারে, তবে সেই অপসারণে প্লেসমেন্ট পরিবর্তন থাকবে না (সংজ্ঞার জন্য 'শাস্তিমূলক অপসারণের কারণে প্লেসমেন্ট পরিবর্তন' (Change of Placement Because of Disciplinary Removals) শিরোনামটি দেখুন)। যখন একজন প্রতিবন্ধী শিশুকে একই স্কুল বর্ষে মোট 10 স্কুল দিবসের জন্য তার বর্তমান প্লেসমেন্ট থেকে অপসারণ করা হয়, সেই স্কুল বর্ষে অপসারণের পরবর্তী দিনগুলিতে স্কুলকে অবশ্যই উপ-শিরোনাম পরিষেবাদির অধীনে নিচের প্রয়োজনীয় পরিমাণে পরিষেবা সরবরাহ করতে হবে।

অতিরিক্ত অধিকার

যদি যে আচরণে ছাত্রদের আচরণবিধি লঙ্ঘন ঘটে তাতে সন্তানের অক্ষমতার প্রকাশ না পেলে এবং শাস্তিমূলক প্লেসমেন্ট পরিবর্তন একটানা 10 স্কুল দিবসের বেশি হয়ে গেলে, তখন স্কুল কর্মীরা সেই প্রতিবন্ধী সন্তানের জন্য একই পদ্ধতিতে এবং একই সময়ের জন্য শাস্তিমূলক প্রক্রিয়া প্রয়োগ করতে পারে যেমন তা অপ্রতিবন্ধী শিশুদের জন্যও প্রযোজ্য, তবে পরিষেবাদির অধীনে নিচে বর্ণিত হিসাবে স্কুলের অবশ্যই সেই শিশুকে পরিষেবা সরবরাহ করতে হবে। সন্তানের ARD কমিটি এই জাতীয় পরিষেবার জন্য IAES নির্ধারণ করে।

পরিষেবাদি

সেই স্কুল বর্ষে 10 বা তার কম স্কুল দিবসের জন্য তার বর্তমান প্লেসমেন্ট থেকে অপসারিত প্রতিবন্ধী বা অপ্রতিবন্ধী শিশুকে স্কুল ডিস্ট্রিক্ট পরিষেবা সরবরাহ করে না।

প্রতিবন্ধী শিশু যাকে 10 স্কুল দিবসের বেশি সময় সন্তানের বর্তমান প্লেসমেন্ট থেকে অপসারণ করা হয়েছে এবং আচরণটিতে সন্তানের অক্ষমতার প্রকাশ না পেলে বা যাকে বিশেষ পরিস্থিতির অধীনে অপসারণ করা হয়েছে, তাকে অবশ্যই এগুলি করতে হবে:

- শিক্ষাগত পরিষেবাদি গ্রহণ চালিয়ে যান (একটি উপলব্ধ FAPE পান), যাতে শিশুকে সাধারণ শিক্ষার পাঠ্যক্রমে অংশ নেওয়া চালিয়ে যেতে সক্ষম করা যায় অন্য সেটিংয়ে হলেও (এটি IAES হতে পারে) এবং সন্তানের IEP-তে নির্ধারিত লক্ষ্যগুলি অর্জনের দিকে অগ্রসর হওয়া যায়; এবং
- উপযুক্ত অনুসারে একটি ক্রিয়ামূলক আচরণগত মূল্যায়ন, এবং আচরণগত হস্তক্ষেপ পরিষেবা এবং সংশোধন গ্রহণ করুন, যা আচরণের লঙ্ঘন সমাধানের জন্য ডিজাইন করা হয়েছে যাতে এটি আবার না ঘটে।

একই স্কুল বর্ষে একটি প্রতিবন্ধী শিশু 10 স্কুল দিবসের জন্য তার বর্তমান প্লেসমেন্ট থেকে অপসারিত হওয়ার পরে এবং যদি বর্তমান অপসারণটি একটানা 10 স্কুল দিবস বা কম সময়ের জন্য হয় এবং যদি অপসারণে প্লেসমেন্ট পরিবর্তন না হয় (নিচে সংজ্ঞা দেখুন), তাহলে কমপক্ষে সন্তানের একজন শিক্ষকের সাথে পরামর্শ করে স্কুল কর্মীরা কী পরিমাণ পরিষেবা দরকার তা নির্ধারণ করবে যেন শিশুকে সাধারণ শিক্ষার পাঠ্যক্রমে অংশ নেওয়া চালিয়ে যেতে সক্ষম করা যায় অন্য সেটিংয়ে হলেও এবং সন্তানের IEP-তে নির্ধারিত লক্ষ্যগুলি অর্জনের দিকে অগ্রসর হওয়া যায়।

যদি অপসারণে প্লেসমেন্ট পরিবর্তন হয়, তাহলে সন্তানের ARD কমিটি উপযুক্ত পরিষেবা নির্ধারণ করবে যেন শিশুকে সাধারণ শিক্ষার পাঠ্যক্রমে অংশ নেওয়া চালিয়ে যেতে সক্ষম করা যায় অন্য সেটিংয়ে হলেও (এটি IAES হতে পারে) এবং সন্তানের IEP-তে নির্ধারিত লক্ষ্যগুলি অর্জনের দিকে অগ্রসর হওয়া যায়।

অভিব্যক্তি (Manifestation) নির্ধারণ

ছাত্রদের আচরণবিধি লঙ্ঘনের কারণে প্রতিবন্ধী সন্তানের প্লেসমেন্ট পরিবর্তন করার যে কোন সিদ্ধান্তের 10 স্কুল দিবসের মধ্যে (সেই অপসারণ ব্যতীত যেখানে একটানা 10 স্কুল দিবস বা তার কম হয় এবং প্লেসমেন্ট পরিবর্তন হয় না), সন্তানের IEP, কোন শিক্ষকের পর্যবেক্ষণ এবং নির্ধারণেরে ক্ষেত্রে আপনার সরবরাহকৃত যে কোন প্রাসঙ্গিক তথ্য সহ স্কুল, আপনি এবং ARD কমিটির সংশ্লিষ্ট সদস্যদের (আপনার এবং স্কুলের নির্ধারণ অনুযায়ী) অবশ্যই ছাত্রদের ফাইলের সমস্ত প্রাসঙ্গিক তথ্য পর্যালোচনা করতে হবে:

- যদি প্রশ্নাধীন আচরণ শিশুটির অক্ষমতার কারণে হয় বা তার সাথে প্রত্যক্ষ এবং উল্লেখযোগ্য সম্বন্ধ থাকে; বা
- যদি প্রশ্নাধীন আচরণটিই ছিল শিশুটির IEP বাস্তবায়নে স্কুলের ব্যর্থতার প্রত্যক্ষ ফলাফল।

যদি স্কুল, আপনি এবং ARD কমিটির সংশ্লিষ্ট সদস্যগণ নির্ধারণ করেন যে এই শর্তগুলির যে কোনও একটি পূরণ করা হয়েছিল, তাহলে আচরণটি অবশ্যই সন্তানের অক্ষমতা প্রকাশের জন্য নির্ধারিত হতে হবে।

যদি স্কুল, আপনি এবং সন্তানের ARD কমিটির সংশ্লিষ্ট সদস্যগণ নির্ধারণ করেন যে প্রশ্নাধীন আচরণ IEP বাস্তবায়নে স্কুলের ব্যর্থতার প্রত্যক্ষ ফলাফল ছিল, তাহলে এই ঘাটতিগুলি সমাধানের জন্য স্কুলকে তাৎক্ষণিক পদক্ষেপ নিতে হবে।

আচরণটি শিশুটির একটি অক্ষমতার অভিব্যক্তি হিসাবে নির্ধারণ

যদি স্কুল, আপনি এবং সন্তানের ARD কমিটির সংশ্লিষ্ট সদস্যগণ নির্ধারণ করেন যে আচরণটি সন্তানের অক্ষমতার অভিব্যক্তি ছিল, তাহলে ARD কমিটিকে এগুলির যে কোন একটি করতে হবে:

- কার্যক্ষম আচরণগত মূল্যায়ন পরিচালনা করুন যদি স্কুল প্লেসমেন্ট পরিবর্তন ঘটার ফলাফল হওয়ার মতো আচরণের আগে একটি কার্যক্ষম আচরণগত মূল্যায়ন পরিচালনা না করে, এবং সন্তানের জন্য একটি আচরণগত হস্তক্ষেপ পরিকল্পনা বাস্তবায়ন করুন; বা
- যদি ইতিমধ্যে কোনও আচরণগত হস্তক্ষেপের পরিকল্পনা তৈরি করা হয়ে থাকে, আচরণগত হস্তক্ষেপ পরিকল্পনার পর্যালোচনা করুন এবং আচরণের সমাধানের জন্য প্রয়োজন মতো এটি সংশোধন করুন।

বিশেষ পরিস্থিতি (Special Circumstances) বিভাগের অধীনে নিচে বর্ণিতগুলি ব্যতীত, স্কুলটি অবশ্যই আপনার শিশুকে সেই প্লেসমেন্টে ফিরিয়ে আনবে যেখান থেকে আপনার শিশুটিকে অপসারণ করা হয়েছিল যদি না আপনি এবং ডিস্ট্রিক্ট আচরণগত হস্তক্ষেপ পরিকল্পনার সংশোধনীর অংশ হিসাবে স্থান পরিবর্তনের সাথে সম্মত হন।

বিশেষ পরিস্থিতি (Special Circumstances)

আচরণটি আপনার সন্তানের অক্ষমতার অভিব্যক্তি হোক বা না হোক, স্কুল কর্মীরা কোন ছাত্রকে অনধিক 45 দিনের বেশি সময়ের জন্য একটি IAES - এ (সন্তানে ARD কমিটি দ্বারা নির্ধারিত) সরিয়ে দিতে পারে, আপনার সন্তান যদি:

- স্কুলে একটি অস্ত্র (weapon) আনে (নিচে সংজ্ঞা দেখুন) বা স্কুলের মধ্যে, স্কুল প্রাঙ্গণে, বা TEA বা স্কুলের এখতিয়ারভুক্ত স্কুল কার্যক্রমে একটি অস্ত্র রাখে;
- জেনেশুনে অবৈধ মাদকদ্রব্য (illegal drugs) (নিচে সংজ্ঞা দেখুন) রাখে বা ব্যবহার করে, বা কোনও নিয়ন্ত্রিত উপাদানের (controlled substance) বিক্রয় বা অনুরোধ করে, (নিচে সংজ্ঞা দেখুন), যখন স্কুলের মধ্যে, স্কুল প্রাঙ্গণে, বা TEA বা স্কুলের এখতিয়ারভুক্ত স্কুল কার্যক্রমে রয়েছে; বা
- অন্য ব্যক্তিকে গুরুতর শারীরিক আঘাত (serious bodily injury) (নিচে সংজ্ঞা দেখুন) করেছে যখন স্কুলের মধ্যে, স্কুল প্রাঙ্গণে, বা TEA বা স্কুলের এখতিয়ারভুক্ত স্কুল কার্যক্রমে রয়েছে।

সংজ্ঞাসমূহ

নিয়ন্ত্রিত উপাদান (Controlled substance) বলতে বুঝায় নিয়ন্ত্রিত উপাদান আইন (Controlled Substances Act) (21 U.S.C. 812(C)) এর 202(c) সেকশনের I, II, III, IV, or V শিডিউলসমূহের অধীনে চিহ্নিত একটি মাদক বা অন্য যে কোন উপাদান।

অবৈধ মাদকদ্রব্য (Illegal drug) বলতে বুঝায় একটি নিয়ন্ত্রিত উপাদান, কিন্তু এটিতে এমন কোন নিয়ন্ত্রিত উপাদান অন্তর্ভুক্ত হবেনা যা লাইসেন্সধারী স্বাস্থ্যসেবা পেশাদারের তত্ত্বাবধানে বৈধভাবে অধিকারে আসে বা ব্যবহৃত হয় বা আইন অনুযায়ী বা ফেডারেল আইনের কোন বিধানের অধীনে অন্য কোন কর্তৃপক্ষের অধীনে বৈধভাবে অধিকারে আসে বা ব্যবহৃত হয়।

গুরুতর শারীরিক আঘাত (Serious bodily injury) এর অর্থটি মার্কিন যুক্তরাষ্ট্র আইনের টাইটেল 18, সেকশন 1365, সাব-সেকশন (h) এর (3) অনুচ্ছেদের *গুরুতর শারীরিক আঘাত (serious bodily injury)* পরিভাষা প্রদত্ত হয়েছে।

অস্ত্র (Weapon) এর অর্থটি মার্কিন যুক্তরাষ্ট্র আইনের টাইটেল 18, সেকশন 930, সাব-সেকশন (g) এর (2) অনুচ্ছেদের *বিপজ্জনক অস্ত্র (dangerous weapon)* পরিভাষায় প্রদত্ত হয়েছে।

নোটিফিকেশন

যে তারিখে এটি ছাত্রদের আচরণবিধি লঙ্ঘনের কারণে আপনার সন্তানের প্লেসমেন্ট পরিবর্তনের দ্বারা অপসারণ করার সিদ্ধান্ত নেয়, স্কুল ডিস্ট্রিক্ট অবশ্যই আপনাকে সেই সিদ্ধান্ত সম্পর্কে অবহিত করবে এবং আপনাকে একটি পদ্ধতিগত সুরক্ষা নোটিশ সরবরাহ করবে।

শাস্তিমূলক অপসারণের কারণে প্লেসমেন্টের পরিবর্তন

আপনার সন্তানের বর্তমান শিক্ষাগত প্লেসমেন্ট থেকে আপনার প্রতিবন্ধী সন্তানের অপসারণ হল প্লেসমেন্টের পরিবর্তন যদি:

- অপসারণটি একটানা 10 স্কুল দিবসের জন্য; বা
- আপনার শিশুটি প্যাটার্নভুক্ত ধারাবাহিক অপসারণের সম্মুখীন হয়েছে কারণ:
    - অপসারণের ধারাবাহিকতা এক স্কুল বর্ষে মোট 10 স্কুল দিবসের অধিক;
    - আপনার সন্তানের আচরণ পূর্ববর্তী ঘটনাগুলিতে সন্তানের আচরণের সাথে যথেষ্ট মিল রয়েছে যার ফলে ধারাবাহিক অপসারণ হয়েছে; এবং
    - প্রতিটি অপসারণের দৈর্ঘ্য হিসাবে অতিরিক্ত কারণগুলির মধ্যে, আপনার শিশুকে মোট যত বার অপসারণ করা হয়েছে এবং অপসারণগুলির একটি আরেকটির সাথে নৈকট্য।

অপসারণের কোন প্যাটার্ন প্লেসমেন্টের পরিবর্তন গঠন করে কিনা তা স্কুল দ্বারা কেস-বাই-কেস ভিত্তিতে এবং চ্যালেঞ্জ করার ক্ষেত্রে তা যথাযথ প্রক্রিয়া এবং বিচারিক কার্যক্রমের মাধ্যমে পর্যালোচনা সাপেক্ষে নির্ধারণ করা হয়।

সেটিং এর নির্ধারণ

ARD কমিটি প্লেসমেন্ট পরিবর্তন জাতীয় অপসারণ এবং অতিরিক্ত কর্তৃপক্ষ এবং বিশেষ পরিস্থিতি (Additional Authority and Special Circumstances) বিভাগগুলিতে অপসারণের জন্য IAES নির্ধারণ করে।

আপিল

সাধারণ

আপনি যথাযথ প্রক্রিয়া শুনানির জন্য অনুরোধ করতে একটি যথাযথ প্রক্রিয়া অভিযোগ দায়ের করতে পারেন যদি আপনি এই বিষয়গুলিতে সম্মত না হন:

- এই শৃঙ্খলা বিধিমালার অধীনে প্লেসমেন্ট সংক্রান্ত কোন সিদ্ধান্ত; বা
- উপরোক্ত অভিব্যক্তি (Manifestation) নির্ধারণ।

প্রযোজ্য প্রক্রিয়া শুনানির জন্য অনুরোধ করতে স্কুল একটি প্রক্রিয়ার অভিযোগ জানাতে পারে যদি এটি বিশ্বাস করে যে আপনার সন্তানের বর্তমান প্লেসমেন্ট বজায় রাখলে আপনার সন্তানের বা অন্যদের ক্ষতি হওয়ার যথেষ্ট সম্ভাবনা রয়েছে।

শুনানি আধিকারিকের অধিকার

নিচের যথাযথ প্রক্রিয়া পদ্ধতি সম্পর্কিত বিভাগে বর্ণিত প্রয়োজনীয়তা পূরণকারী শুনানি আধিকারিককে যথাযথ প্রক্রিয়া শুনানি পরিচালনা করতে হবে এবং সিদ্ধান্ত নিতে হবে। শুনানি আধিকারিক যা করতে পারে:

- আপনার প্রতিবন্ধী সন্তানকে সেই প্লেসমেন্টে ফিরিয়ে দেবে যেখানে থেকে আপনার সন্তানকে সরানো হয়েছিল যদি শুনানি আধিকারিক নির্ধারণ করে যে অপসারণটি স্কুল কর্মীদের কর্তৃপক্ষের শিরোনামের অধীনে বর্ণিত প্রয়োজনীয়তার লঙ্ঘন ছিল,বা আপনার সন্তানের আচরণে আপনার সন্তানের অক্ষমতা প্রকাশ পেয়েছিল; বা

- অনধিক 45 স্কুল দিবসের জন্য একটি উপযুক্ত IAES-এ আপনার প্রতিবন্ধী সন্তানের প্লেসমেন্ট পরিবর্তন করার আদেশ দেবে যদি শুনানি আধিকারিক নির্ধারণ করেন যে আপনার সন্তানের বর্তমান প্লেসমেন্ট বজায় রাখার ফলে আপনার সন্তানের বা অন্যদের ক্ষতি হওয়ার যথেষ্ট সম্ভাবনা রয়েছে।

এই শুনানি প্রক্রিয়ার পুনরাবৃত্তি হতে পারে, যদি স্কুল বিশ্বাস করে যে আপনার সন্তানকে মূল প্লেসমেন্টে ফিরিয়ে দিলে আপনার সন্তানের বা অন্যদের ক্ষতি হওয়ার যথেষ্ট সম্ভাবনা রয়েছে।

আপনি বা স্কুল যখনই এই রকম শুনানির জন্য অনুরোধ করতে যথাযথ প্রক্রিয়া অভিযোগ দায়ের করেন, একটি শুনানি অবশ্যই অনুষ্ঠিত হতে হবে যা নিচে যথাযথ প্রক্রিয়া পদ্ধতি বিভাগে বর্ণিত প্রয়োজনীয়তাগুলি পূরণ করে, তবে নিম্নেরগুলি ব্যতিত।

- TEA বা স্কুলকে অবশ্যই একটি দ্রুত যথাযথ প্রক্রিয়া শুনানির ব্যবস্থা করতে হবে যা শুনানির জন্য অনুরোধের তারিখের 20 স্কুল দিবসের মধ্যে অবশ্যই অনুষ্ঠিত হতে হবে এবং যার ফলে শুনানির 10 স্কুল দিবসের মধ্যে অবশ্যই একটি সমাধান হতে হবে।
- আপনি এবং স্কুল সভা না করার জন্য লিখিতভাবে সম্মত না হলে বা মধ্যস্থতা ব্যবহার করতে রাজি না হলে, যথাযথ প্রক্রিয়া অভিযোগের নোটিশ পাওয়ার সাত কর্ম দিবসের মধ্যে সমাধানের জন্য একটি সভা অবশ্যই হতে হবে। যথাযথ প্রক্রিয়া অভিযোগ প্রাপ্তির 15 কর্ম দিবসের মধ্যে উভয় পক্ষের সন্তুষ্টি মতে বিষয়টি সমাধান না হলে শুনানি কার্যক্রম আগাতে পারে।
- অন্যান্য যথাযথ প্রক্রিয়া শুনানির জন্য প্রতিষ্ঠিত পদ্ধতিগত নিয়মকানুনের চেয়ে দ্রুত যথাযথ প্রক্রিয়া শুনানির জন্য ভিন্ন কিছু নিয়মকানুন একটি স্টেট প্রতিষ্ঠা করতে পারে, তবে সময়সীমা ব্যতিত, এই নিয়মকানুন অবশ্যই যথাযথ প্রক্রিয়া শুনানির বিষয়ে এই ডকুমেন্টের নিয়মকানুনের সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে।

নিচে সিভিল অ্যাকশন (Civil Actions) বিভাগের বর্ণনা অনুসারে অন্যান্য যথাযথ প্রক্রিয়া শুনানির সিদ্ধান্তের মতোই আপনি বা স্কুল দ্রুত যথাযথ প্রক্রিয়া শুনানির সিদ্ধান্তের আপিল করতে পারেন।

আপিলের সময় প্লেসমেন্ট

উপরের বর্ণনা অনুসারে যখন আপনি বা স্কুল শৃঙ্খলা সংক্রান্ত বিষয়ে যথাযথ প্রক্রিয়া অভিযোগ দায়ের করে, আপনার সন্তানের অবশ্যই (যদি আপনি এবং TEA বা স্কুল অন্যথায় রাজি না হন) শুনানি আধিকারিকের সিদ্ধান্তের অপেক্ষারত IAES-এ থাকা উচিত, বা স্কুল কর্মচারী কর্তৃপক্ষ শিরোনামের অধীনে বর্ণিত হিসাবে অপসারনের সময়সীমার মেয়াদ শেষ হওয়া অবধি যেটিই প্রথমে ঘটে।

এখনও বিশেষ শিক্ষা এবং তৎসম্পর্কিত পরিষেবার জন্য যোগ্য না হওয়া শিশুদের জন্য সুরক্ষা

সাধারণ

যদি আপনার শিশু এখনও বিশেষ শিক্ষা এবং তৎসম্পর্কিত পরিষেবাদির জন্য যোগ্য হিসাবে নির্ধারিত না হয় এবং ছাত্রদের আচরণবিধি লঙ্ঘন করে, তবে এই শৃঙ্খলামূলক ব্যবস্থা নিয়ে আসা আচরণ ঘটার পূর্বে স্কুলের জানা ছিল (নিচে নির্ধারিত অনুযায়ী) যে আপনার শিশু প্রতিবন্ধী শিশু ছিল, তাহলে আপনার শিশু এই নোটিশে বর্ণিত যে কোনও সুরক্ষার জন্য জোর দিয়ে বলতে পারে।

শৃঙ্খলামূলক বিষয়গুলির জন্য জ্ঞানের ভিত্তি

একটি স্কুলকে আপনার শিশু প্রতিবন্ধী শিশু এমন জানা আছে ধরা যাবে যদি শৃঙ্খলামূলক ব্যবস্থা নিয়ে আসা আচরণ ঘটার পূর্বে আপনি এগুলি করে থাকেন:

- আপনি উপযুক্ত শিক্ষার এজেন্সির তত্ত্বাবধায়ক বা প্রশাসনিক কর্মীদের কাছে, বা আপনার সন্তানের শিক্ষরেক কাছে লিখিতভাবে উদ্বেগ প্রকাশ করেছেন যে আপনার সন্তানের বিশেষ শিক্ষা এবং তৎসম্পর্কিত পরিষেবাদির প্রয়োজন;
- IDEA পার্ট B-এর অধীনে আপনি বিশেষ শিক্ষা এবং তৎসম্পর্কিত পরিষেবার জন্য যোগ্য হওয়ার সাথে সম্পৃক্ত একটি মূল্যায়নের অনুরোধ করেছেন; বা
- আপনার সন্তানের শিক্ষক বা অন্যান্য স্কুল কর্মীরা আপনার সন্তান কর্তৃক প্রদর্শিত আচরণের ধরণ সম্পর্কে সরাসরি স্কুলের বিশেষ শিক্ষার পরিচালক বা স্কুলের অন্যান্য তত্ত্বাবধায়ক কর্মীদের কাছে নির্দিষ্ট উদ্বেগ প্রকাশ করেছেন।

ব্যতিক্রম - নিম্নের অবস্থায় একটি স্কুলের এমন জানা আছে বলে মনে করা হবে না যদি:

- আপনি আপনার সন্তানের মূল্যায়ন করার অনুমতি দেননি বা বিশেষ শিক্ষা পরিষেবা প্রত্যাখ্যান করেছেন; বা
- IDEA পার্ট B-এর অধীনে আপনার সন্তান প্রতিবন্ধী শিশু না হওয়ার ব্যাপারে মূল্যায়ন ও নির্ধারণ হয়েছে।

জ্ঞানের ভিত্তি না থাকলে প্রযোজ্য শর্তাদি

যদি আপনার সন্তানের শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহনের আগে স্কুলের এই জ্ঞান না থাকে যে আপনার সন্তান একটি প্রতিবন্ধী সন্তান যেমনি উপরে 'শৃঙ্খলামূলক বিষয়গুলি ও ব্যতিক্রমের জন্য জ্ঞানের ভিত্তি'তে উল্লেখ করা হয়েছে, তাহলে আপনার সন্তান শৃঙ্খলামূলক ব্যবস্থার সম্মুখীন হবে যা তুলনাযোগ্য আচরণে অংশগ্রহণকারী অপ্রতিবন্ধী শিশুদের জন্য প্রযোজ্য। তবে, যদি আপনার সন্তানের শৃঙ্খলামূলক ব্যবস্থা চলাকালীন সময়ে আপনার সন্তানের মূল্যায়নের জন্য অনুরোধ করা হয়, মূল্যায়নটি তাৎক্ষণিকভাবে পরিচালনা করা উচিত। মূল্যায়ন শেষ না হওয়া পর্যন্ত, আপনার শিশু স্কুল কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত শিক্ষাগত প্লেসমেন্টে রয়ে যাবে, যেখানে শিক্ষাগত পরিষেবা ছাড়াই স্থগিতাদেশ বা বহিষ্কার অন্তর্ভুক্ত থাকতে পারে। স্কুল কর্তৃক পরিচালিত মূল্যায়ন এবং আপনার সরবরাহকৃত তথ্য বিবেচনা করে যদি আপনার শিশু প্রতিবন্ধী শিশু হিসাবে নির্ধারণ হয়, উপরে বর্ণিত শৃঙ্খলা সংক্রান্ত প্রয়োজনীয়তা সহ স্কুলের অবশ্যই IDEA পার্ট B অনুসারে বিশেষ শিক্ষা এবং তৎসম্পর্কিত পরিষেবাদি সরবরাহ করতে হবে।

আইন প্রয়োগকারী এবং বিচারিক কর্তৃপক্ষের নিকট রেফারেল এবং তাদের পদক্ষেপ

IDEA পার্ট B যেগুলি করে না:

- উপযুক্ত কর্তৃপক্ষের নিকট প্রতিবন্ধী শিশু দ্বারা সংঘটিত অপরাধ প্রতিবেদন থেকে কোনও এজেন্সিকে নিষেধাজ্ঞা প্রদান; বা
- একটি প্রতিবন্ধী শিশু দ্বারা সংঘটিত অপরাধগুলিতে ফেডারেল এবং স্টেট আইনের প্রয়োগ সম্পর্কে টেক্সাস আইন প্রয়োগকারী এবং বিচারিক কর্তৃপক্ষকে তাদের দায়িত্ব পালন থেকে বাধা প্রদান।

রেকর্ডগুলি প্রেরণ

যদি কোন স্কুল একটি প্রতিবন্ধী শিশু দ্বারা সংঘটিত অপরাধের প্রতিবেদন করে, তখন স্কুলকে যা করতে হবে:

- এজেন্সি কর্তৃক যাদের নিকট অপরাধের রিপোর্ট করা হয়েছে সেই কর্তৃপক্ষের বিবেচনার জন্য সন্তানের বিশেষ শিক্ষা এবং শৃঙ্খলা রেকর্ডগুলির কপি তাদের নিকট প্রেরণ নিশ্চিত করতে হবে; এবং
- সন্তানের বিশেষ শিক্ষা এবং শৃঙ্খলামূলক রেকর্ডগুলির কপি কেবলমাত্র পারিবারিক শিক্ষাগত অধিকার এবং গোপনীয়তা আইন (**FERPA**) দ্বারা অনুমোদিত পরিসরে প্রেরণ করতে পারে।

তথ্যের গোপনীয়তা

এই বিভাগে ব্যবহৃত হিসাবে যা করণীয়:

নষ্ট করে দেওয়া (Destruction) বলতে বুঝায় বস্তুগত তথ্য নষ্ট করে দেওয়া বা তথ্য থেকে ব্যক্তিগত সনাক্তকারীসমূহ অপসারণ যেন তথ্যটি ব্যক্তিগতভাবে সনাক্তযোগ্য না থাকে।

শিক্ষার রেকর্ডসমূহ (Education records) বলতে বুঝায় শিক্ষার রেকর্ডের সংজ্ঞা অনুসারে রেকর্ডের ধরন যা 34 CFR পার্ট 99 (1974, 20 U.S.C. 1232G এর পারিবারিক শিক্ষাগত অধিকার এবং গোপনীয়তা আইন (Family Educational Rights and Privacy Act , FERPA) প্রয়োগকারী নীতিমালায়)-এ বর্ণিত আছে।

অংশগ্রহণকারী এজেন্সি (Participating agency) বলতে বুঝায় সেসব স্কুল ডিস্ট্রিক্ট, এজেন্সি বা প্রতিষ্ঠান যারা IDEA পার্ট B অনুসারে ব্যক্তিগতভাবে সনাক্তযোগ্য তথ্য সংগ্রহ করে, রক্ষণাবেক্ষণ করে বা ব্যবহার করে বা যাদের কাছ থেকে তথ্য প্রাপ্ত হয়।

ব্যক্তিগতভাবে সনাক্তযোগ্য তথ্যে যা অন্তর্ভূক্ত: আপনার নাম, পিতামাতা/অভিভাবক হিসাবে আপনার নাম, বা পরিবারের অন্য সদস্যের নাম; আপনার সন্তানের ঠিকানা; আপনার সন্তানের সামাজিক সুরক্ষা নম্বরের মতো একটি ব্যক্তিগত শনাক্তকারী নম্বর; বা ব্যক্তিগত বৈশিষ্ট্য বা অন্যান্য তথ্যের একটি তালিকা যা যুক্তিসঙ্গত নিশ্চয়তার সাথে আপনার শিশুকে সনাক্ত করতে সক্ষম করে।

বিশেষ শিক্ষা সম্পর্কিত অংশগুলিসহ আপনার সন্তানের পুরো শিক্ষার রেকর্ড পর্যালোচনা করার অধিকার আপনার

রয়েছে। স্কুল ধরে নিতে পারে যে আপনার সন্তান সম্পর্কিত রেকর্ডগুলি পরীক্ষা করার এবং পর্যালোচনা করার অধিকার আপনার রয়েছে যদি না আপনি নির্দেশিত না হন যে অভিভাবকত্ব, বিচ্ছেদ এবং বিবাহবিচ্ছেদের মতো বিষয়গুলিকে পরিচালনা করার মতো স্টেট আইনের অধীনে আপনার কোনও অধিকার নেই। আপনার সন্তানের রেকর্ড পর্যালোচনা করার জন্য আপনি অন্য কাউকেও অনুমতি দিতে পারেন। আপনি যখন রেকর্ডগুলি পর্যালোচনা করতে চাইবেন, স্কুলের অবশ্যই সেগুলি উপলব্ধ করা উচিত অনতিবিলম্বে, আপনার সন্তানের IEP সম্পর্কিত কোনও বৈঠকের আগে, কোনও যথাযথ প্রক্রিয়া শুনানি বা রেজ্যুলেশন সেশনের আগে, এবং কোনভাবেই অনুরোধের তারিখ থেকে 45 কর্ম দিবসের পরে হতে পারবেনা।

ব্যাখ্যা, কপিসমূহ এবং ফি

আপনি চাইলে স্কুলকে অবশ্যই যুক্তিসঙ্গতভাবে রেকর্ডগুলির ব্যাখ্যা এবং বর্ণনা দিতে হবে। স্কুলের অবশ্যই আপনাকে কপি করে দিতে হবে যদি রেকর্ডগুলি পরিদর্শন ও পর্যালোচনা করতে সক্ষম হওয়ার জন্য তা আপনার একমাত্র উপায় হয়। আপনার সন্তান সম্পর্কিত কোন শিক্ষার রেকর্ড অনুসন্ধান বা পুনরুদ্ধার করতে স্কুল কোনও চার্জ নিতে পারে না। তবে, কপি করার জন্য এটি একটি চার্জ নিতে পারে যদি সেই ফি আপনাকে রেকর্ডগুলি পরিদর্শন ও পর্যালোচনার সক্ষমতা হতে বিরত না রাখে।

একাধিক সন্তান সম্পর্কিত তথ্য

যদি কোন শিক্ষার রেকর্ডে একাধিক শিশুর তথ্য অন্তর্ভুক্ত থাকে, কেবল আপনার সন্তান সম্পর্কিত তথ্য বা সেই নির্দিষ্ট তথ্য সম্পর্কে অবহিত হতে আপনার পরিদর্শন ও পর্যালোচনা করার অধিকার রয়েছে।

স্কুল কর্তৃক সংগৃহীত, রক্ষণাবেক্ষণ করা বা ব্যবহার করা শিক্ষার রেকর্ডগুলির ধরন এবং অবস্থানের তালিকার জন্য অনুরোধ করার এবং পাওয়ার অধিকার আপনার রয়েছে।

ব্যক্তিগতভাবে সনাক্তযোগ্য তথ্য প্রকাশের সম্মতি

যতক্ষণ না তথ্য শিক্ষা রেকর্ডে অন্তর্ভূক্ত থাকে এবং প্রকাশ FERPA এর অধীনে পিতামাতার সম্মতি ব্যতিরেকে অনুমোদিত হয়, অংশগ্রহণকারী এজেন্সির আধিকারিক ছাড়া অন্য কারো কাছে ব্যক্তিগতভাবে সনাক্তযোগ্য তথ্য প্রকাশের আগে আপনার সম্মতি অবশ্যই নিতে হবে। IDEA পার্ট B এর প্রয়োজনীয়তা পূরণের উদ্দেশ্যে অংশগ্রহণকারী এজেন্সির আধিকারিকদের কাছে ব্যক্তিগতভাবে সনাক্তযোগ্য তথ্য প্রকাশের আগে আপনার সম্মতি নেয়ার প্রয়োজন নেই।

স্থানান্তর পরিষেবাদি সরবরাহ বা প্রদান করতে অংশগ্রহনকারী এজেন্সিগুলির আধিকারিকদের নিকট ব্যক্তিগতভাবে শনাক্তযোগ্য তথ্য প্রকাশের আগে আপনার সম্মতি, বা স্টেট আইনের অধীনে প্রাপ্তবয়স্ক হিসাবে গণ্য এমন যোগ্য সন্তানের সম্মতি অবশ্যই নিতে হবে।

যদি আপনার সন্তান এমন একটি প্রাইভেট স্কুলে ভর্তি হয় বা ভর্তি হচ্ছে যেটি আপনার বসবাস করা একই স্কুল ডিস্ট্রিক্টে অবস্থিত নয়, তাহলে আপনার সন্তান সম্পর্কিত ব্যক্তিগতভাবে সনাক্তযোগ্য কোন তথ্য প্রাইভেট স্কুল অবস্থিত স্কুল ডিস্ট্রিক্টের আধিকারিকদের এবং আপনার বসবাস করা স্কুল ডিস্ট্রিক্টের আধিকারিকদের মধ্যে প্রকাশের আগে আপনার সম্মতি অবশ্যই নিতে হবে।

স্কুলকে অবশ্যই প্রত্যেকের জন্য একটি লগ (log) প্রয়োগ করতে হবে, আপনি এবং সেসব অনুমোদিত স্কুল আধিকারিকগণ ব্যতীত যারা আপনার সন্তানের বিশেষ শিক্ষার রেকর্ড পর্যালোচনা করে, যদি আপনি প্রকাশের জন্য সম্মতি সরবরাহ করে না থাকেন। এই লগটিতে অবশ্যই ব্যক্তির নাম, অ্যাক্সেস প্রদানের তারিখ এবং যে উদ্দেশ্যে সেই ব্যক্তিকে রেকর্ডগুলি ব্যবহারের জন্য অনুমোদন দেয়া হয়েছে তা অবশ্যই অন্তর্ভুক্ত থাকতে হবে।

স্কুলের একজন আধিকারিককে ব্যক্তিগতভাবে সনাক্তযোগ্য যে কোন তথ্যের গোপনীয়তা নিশ্চিত করার জন্য দায়বদ্ধতা গ্রহণ করতে হবে। IDEA এবং FERPA এর অধীনে গোপনীয়তা সম্পর্কে ব্যক্তিগতভাবে সনাক্তযোগ্য তথ্য সংগ্রহ বা ব্যবহার করা সকল ব্যক্তিকে অবশ্যই স্টেট নীতি ও পদ্ধতি সম্পর্কিত প্রশিক্ষণ বা নির্দেশনা গ্রহণ করতে হবে। পাবলিক পরিদর্শনের জন্য প্রতিটি স্কুলের অবশ্যই বিদ্যালয়ের মধ্যে থাকা সেই সব আধিকারিকদের নাম ও অবস্থানের একটি বর্তমান তালিকা বজায় রাখতে হবে যাদের ব্যক্তিগতভাবে সনাক্তযোগ্য তথ্যে অ্যাক্সেস থাকতে পারে।

রেকর্ডগুলি সংশোধন

যদি আপনি বিশ্বাস করেন যে আপনার সন্তানের শিক্ষার রেকর্ডগুলি ভুল, বিভ্রান্তিকর, বা আপনার সন্তানের অধিকার লঙ্ঘন করেছে, আপনি স্কুলকে তথ্য সংশোধন করার জন্য অনুরোধ করতে পারেন। যুক্তিসঙ্গত সময়ের মধ্যে স্কুলকে তথ্য সংশোধন করতে হবে কিনা তা সিদ্ধান্ত নিতে হবে। যদি স্কুল অনুরোধ অনুসারে তথ্য সংশোধন করতে রাজি না হয়, তাহলে এটির প্রত্যাখ্যান সম্পর্কে এবং রেকর্ডে থাকা তথ্য চ্যালেঞ্জ করার জন্য স্কুলকে আপনার শুনানির অধিকার সম্পর্কে আপনাকে অবহিত করতে হবে। এ জাতীয় শুনানি FERPA এর অধীনে স্থানীয় শুনানি এবং তা নিরপেক্ষ শুনানি আধিকারিকের সামনে অনুষ্ঠিত IDEA যথাযথ প্রক্রিয়া শুনানি নয়।

শুনানির ফলে যদি স্কুল সিদ্ধান্ত নেয় যে তথ্য ভুল, বিভ্রান্তিকর, বা অন্যভাবে আপনার সন্তানের গোপনীয়তা বা অন্যান্য অধিকার লঙ্ঘন করেছে, তাহলে এটি অবশ্যই তথ্য পরিবর্তন করে আপনাকে লিখিতভাবে জানাতে হবে। শুনানির ফলে যদি স্কুল সিদ্ধান্ত নেয় যে তথ্য ভুল, বিভ্রান্তিকর, বা অন্যভাবে আপনার সন্তানের গোপনীয়তা বা অন্যান্য অধিকার লঙ্ঘন করছে, তাহলে যতক্ষণ রেকর্ড বা তর্কযুক্ত অংশটি স্কুল কর্তৃক ঠিক করা না হয়, ততক্ষণ আপনার বাচ্চার রেকর্ডে থাকা তথ্যের বিষয়ে মন্তব্য করে আপনার স্টেটমেন্ট দেওয়ার অধিকার সম্পর্কে আপনাকে অবহিত করতে হবে।

স্কুল প্রাথমিকভাবে আপনার সন্তানকে পরিষেবা সরবরাহ করার পরে যদি আপনি আপনার সন্তানের বিশেষ শিক্ষা এবং তৎসম্পর্কিত পরিষেবাদি পাওয়ার জন্য আপনার সম্মতি লিখিতভাবে প্রত্যাহার করেন, তাহলে আপনার সন্তানের বিশেষ শিক্ষা এবং তৎসম্পর্কিত পরিষেবাদির পূর্ববর্তী প্রাপ্তির কোন রেফারেন্স সরিয়ে দেয়ার জন্য স্কুলের আপনার সন্তানের শিক্ষার রেকর্ড সংশোধন করার প্রয়োজন নেই। তবে, আপনি যদি বিশ্বাস করেন যে রেকর্ডগুলি ভুল, বিভ্রান্তিকর, বা আপনার সন্তানের অধিকার লঙ্ঘন করে, তাহলে আপনার সন্তানের রেকর্ড সংশোধন করতে স্কুলের কাছে এখনও অনুরোধ করার অধিকার আপনার রয়েছে।

সুরক্ষা এবং নষ্ট করে দেওয়া

স্কুলকে সংগ্রহ, মজুত, প্রকাশ এবং নষ্ট করার পর্যায়ে অবশ্যই আপনার সন্তানের রেকর্ডের গোপনীয়তার সুরক্ষা দিতে হবে। (*নষ্ট করে ফেলা (Destruction)*) বলতে বুঝায় তথ্য থেকে ব্যক্তিগত সনাক্তকারীকে দৈহিক ধ্বংস বা অপসারণ করা যেন তথ্যটি আর ব্যক্তিগতভাবে সনাক্তযোগ্য না থাকে। যখন আপনার সন্তানকে শিক্ষামূলক পরিষেবাদি সরবরাহ করতে আপনার সন্তানের রেকর্ডে থাকা তথ্যের আর প্রয়োজন থাকেনা, তখন স্কুলের অবশ্যই আপনাকে অবহিত করতে হবে। নাম, ঠিকানা, ফোন নম্বর, গ্রেড, উপস্থিতি রেকর্ড, ক্লাসে উপস্থিতি, সম্পন্ন গ্রেড স্তর, এবং সম্পন্ন বছর ব্যতিত আপনার অনুরোধে সকল তথ্য অবশ্যই ধ্বংস করা উচিত।

পিতামাতাদের নিকট নোটিশ

TEA নোটিশ প্রদান করবে যা ব্যক্তিগতভাবে সনাক্তযোগ্য তথ্যের গোপনীয়তা সম্পর্কে পিতামাতাকে সম্পূর্ণরূপে জানাতে যথেষ্ট, যেখানে এগুলি অন্তর্ভূক্ত রয়েছে: স্টেটের বিভিন্ন জনগোষ্ঠীর মাতৃভাষায় যে পরিসরে নোটিশ দেওয়া হয়েছে তার একটি বিবরণ; সন্তান যাদের ব্যক্তিগতভাবে সনাক্তযোগ্য তথ্য রাখা হয় তার একটি বিবরণ, অনুসন্ধান করা তথ্যের ধরণ, তথ্য সংগ্রহের জন্য ব্যবহৃত পদ্ধতি, সে সূত্রসহ যার কাছে থেকে তথ্য সংগ্রহ করা হয়, তথ্যে ব্যবহার; অংশগ্রহণকারী এজেন্সিগুলিকে অবশ্যই স্টোরেজ, তৃতীয় পক্ষের কাছে প্রকাশ, সংরক্ষণ এবং ব্যক্তিগতভাবে সনাক্তযোগ্য তথ্য ধ্বংসের আবশ্যিকভাবে অনুসরণীয় নীতি ও পদ্ধতির সারসংক্ষেপ; এবং এই তথ্য সম্পর্কিত পিতামাতার এবং শিশুদের সকল অধিকারের একটি বিবরণ যেখানে FERPA এর অধীনে অধিকারসমূহ এবং 34 CFR পার্ট 99 এ প্রয়োগকারী বিধিমালা অন্তর্ভক্ত রয়েছে।

পিতামাতা কর্তৃক স্বেচ্ছায় প্রাইভেট স্কুলে প্লেসমেন্ট

আপনি স্বেচ্ছায় আপনার সন্তানকে একটি প্রাইভেট স্কুলে দিলে আপনার কিছু নির্দিষ্ট অধিকার রয়েছে। IDEA-এর জন্য কোন প্রাইভেট স্কুল বা প্রতিষ্ঠানে আপনার প্রতিবন্ধী সন্তানটির জন্য বিশেষ শিক্ষা এবং তৎসম্পর্কিত পরিষেবাদিসহ শিক্ষার খরচের জন্য কোনও পাবলিক স্কুল প্রয়োজন হয় না যদি পাবলিক স্কুলটি আপনার সন্তানের জন্য FAPE সরবরাহ করে এবং আপনি সন্তানকে কোন প্রাইভেট স্কুল বা প্রতিষ্ঠানে দিতে চান। তবে, পাবলিক স্কুলকে, যেখানে প্রাইভেট স্কুল রয়েছে, অবশ্যই আপনার সন্তানকে সেই জনসংখ্যায় অন্তর্ভুক্ত করতে হবে যাদের প্রয়োজনগুলি IDEA বিধির অধীনে সম্বোধন করা হয়েছে।

এর দ্বারা একতরফা প্লেসমেন্টের জন্য শর্তসমূহ প্রাইভেটে স্কুলে থাকা সন্তানের পিতামাতা সরকারি খরচে স্কুলসমূহ

আপনি স্বেচ্ছায় কোন সন্তানকে একটি প্রাইভেট স্কুলে দিলে আপনার কিছু নির্দিষ্ট অধিকার রয়েছে যেহেতু আপনি আপনার সন্তানের জন্য উপযুক্ত কোন প্রোগ্রামের উপলব্ধতা সম্পর্কে পাবলিক স্কুলের সাথে একমত নন।

যদি আপনার শিশু ইতিপূর্বে একটি পাবলিক স্কুলের অধীনে বিশেষ শিক্ষা এবং তৎসম্পর্কিত পরিষেবা লাভ করে এবং আপনি পাবলিক স্কুলের সম্মতি বা রেফারেল ছাড়াই একটি প্রাকস্কুলে, ইলেমেন্টারি স্কুলে বা সেকেন্ডারী স্কুলে আপনার সন্তানকে ভর্তি করতে পছন্দ করেন, তাহলে কোন আদালত বা শুনানি আধিকারিক পাবলিক স্কুলকে সেই ভর্তির খরচের অর্থ আপনাকে ফেরত দেয়ার জন্য বলতে পারে যদি সেই আদালত বা শুনানি আধিকারিক দেখতে পান যে পাবলিক স্কুল সেই ভর্তির আগে সময় মতো আপনার সন্তানের জন্য FAPE সরবরাহ করেনি এবং এই প্রাইভেট প্লেসমেন্টই উপযুক্ত।। একজন শুনানি আধিকারিক বা আদালত আপনার প্লেসমেন্টটি যথাযথ বলে মনে করতে পারেন যদিও প্লেসমেন্টটি TEA এবং স্কুলগুলি কর্তৃক প্রদত্ত শিক্ষার ক্ষেত্রে প্রযোজ্য স্টেট মানদন্ড পূরণ না করে।

অর্থ পরিশোধের সীমাবদ্ধতা

পূর্ববর্তী অনুচ্ছেদে বর্ণিত অর্থ ফেরৎ প্রদানে হ্রাস বা অস্বীকার করা যেতে পারে যদি: আপনার শিশুকে পাবলিক স্কুল থেকে অপসারণের আগে আপনার অংশগ্রহণ করা সর্বশেষ এআরডি কমিটির বৈঠকে আপনি ARD কমিটিকে অবহিত করেননি যে আপনি আপনার সন্তানের উদ্বেগ প্রকাশ করে এবং পাবলিক খরচে প্রাইভেট স্কুলে ভর্তির জন্য আপনার ইচ্ছা উল্লেখ করে আপনার সন্তানের FAPE সরবরাহ করার জন্য পাবলিক স্কুল প্রস্তাবিত প্লেসমেন্টটি প্রত্যাখ্যান করছেন; বা আপনার শিশুটিকে পাবলিক স্কুল থেকে সরানোর আগে কর্ম দিবসে বিদ্যমান যেকোন ছুটির দিনসহ অন্তত 10 কর্মদিবস আগে আপনি সেই তথ্যের ব্যাপারে পাবলিক স্কুলে লিখিত নোটিশ দেননি; বা আপনার শিশুটিকে পাবলিক স্কুল থেকে সরানোর আগে পাবলিক স্কুল আপনার সন্তানের মূল্যায়ন করার ইচ্ছা সম্পর্কে পূর্ব লিখিত নোটিশ সরবরাহ করেছিল, মূল্যায়নের উপযুক্ত এবং যুক্তিসঙ্গত উদ্দেশ্যটির বিবৃতিসহ, তবে আপনি শিশুটিকে মূল্যায়নের জন্য উপলব্ধ করেননি।

তবে, নোটিশ সরবরাহে ব্যর্থতার দায়ে খরচের অর্থ ফেরতে হ্রাস বা অস্বীকার করা যাবে না যদি: পাবলিক স্কুল আপনাকে নোটিশ সরবরাহ করতে বাধা দিয়েছিল; বর্ণিত নোটিশ দেওয়ার জন্য আপনার দায়িত্ব সম্পর্কে আপনি কোনও নোটিশ পাননি; পূর্ববর্তী শর্তাদি মেনে চলার ফলে আপনার সন্তানের শারীরিক ক্ষতি হত। আদালত বা শুনানি আধিকারিকের বিবেচনায় আপনি যদি শিক্ষিত না হন বা ইংরেজিতে লিখতে না পারেন, তাহলে প্রয়োজনীয় নোটিশ প্রদান করতে ব্যর্থতার জন্য খরচের অর্থ ফেরতে হ্রাস বা অস্বীকার করা যাবে না, বা পূর্ববর্তী শর্তাদি মেনে চলার ফলে আপনার সন্তানের চরম মানসিক ক্ষতি হত।

পিতামাতার অধিকার হস্তান্তর

শিশু যখন প্রাপ্তবয়স্ক হয়ে যায়, তখন IDEA-এর অধীনে সকল পিতামাতার অধিকারগুলি সন্তানের কাছে হস্তান্তর করে। টেক্সাস আইনের অধীনে প্রাপ্তবয়স্ক হওয়ার বয়স 18 বছর। বেশিরভাগ সন্তানের ক্ষেত্রে, এই ডকুমেন্টে বর্ণিত পিতামাতার সকল অধিকার 18 বছর বয়সে সন্তানের কাছে স্থানান্তরিত হবে। যখন আপনার প্রাপ্তবয়স্ক শিক্ষার্থীর কাছে পিতামাতার অধিকার স্থানান্তরিত হয়, তখন তার শিক্ষাগত সিদ্ধান্ত নেওয়ার অধিকার রয়েছে, যদিও পাবলিক স্কুলের আপনাকে অবশ্যই ARD কমিটির সভার নোটিশ এবং পূর্ব লিখিত নোটিশ সরবরাহ করতে হবে। তবে আপনি সভাগুলিতে অংশ নিতে পারবেন না যদি প্রাপ্তবয়স্ক শিক্ষার্থী বা স্কুল কর্তৃক আমন্ত্রিত না হন বা যদি আপনার প্রাপ্তবয়স্ক শিক্ষার্থী আপনাকে সমর্থিত ডিসিশন-মেকিং চুক্তিতে সেই অধিকার না দেয়।

একজন প্রাপ্তবয়স্ক শিক্ষার্থীর জন্য আদালত-নিযুক্ত অভিভাবক

যদি কোন আদালত আপনাকে বা অন্য কোন ব্যক্তিকে প্রাপ্ত বয়স্ক শিক্ষার্থীর আইনী অভিভাবক হিসাবে নিয়োগ করে থাকে, IDEA-এর অধীনের অধিকার প্রাপ্তবয়স্ক শিক্ষার্থীর কাছে স্থানান্তরিত হবে না। আইনত নিযুক্ত অভিভাবক সেই অধিকারগুলো পাবেন।

কারাবন্দী প্রাপ্তবয়স্ক শিক্ষার্থী

যদি প্রাপ্তবয়স্ক শিক্ষার্থী কারাবন্দী হয়, তাহলে IDEA-এর সকল অধিকার প্রাপ্তবয়স্ক শিক্ষার্থীর 18 বছর বয়সে হস্তান্তরিত হবে। বিশেষ শিক্ষা সম্পর্কিত লিখিত নোশিট পাওয়ার অধিকার আপনার থাকবে না।

18 বছর বয়সের আগে প্রাপ্তবয়স্ক শিক্ষার্থীবৃন্দ

টেক্সাস পারিবারিক আইনের 31 পরিচ্ছেদে বর্ণিত কিছু শর্ত রয়েছে যার ফলে একটি শিশু 18 বছর বয়সের আগেই প্রাপ্তবয়স্ক হয়। যদি আপনার সন্তানের এই পরিচ্ছেদের অধীনে প্রাপ্তবয়স্ক হওয়া নির্ধারিত হয়, তাহলে IDEA-এর অধীনে অধিকারগুলি আপনার সন্তানের কাছে ঐ সময় স্থানান্তরিত হবে।

অভিভাবকত্বের বিকল্প

পাবলিক স্কুলকে অবশ্যই একটি বৈধ পাওয়ার অব অ্যাটর্নি বা একটি বৈধ সমর্থিত ডিসিশন-মেকিং চুক্তিতে ভূষিত করতে হবে যা আপনার প্রাপ্তবয়স্ক শিক্ষার্থী কর্তৃক সম্পাদিত হয়।

প্রয়োজনীয় নোটিশ এবং তথ্য

আপনার সন্তানের 17 তম জন্মদিনে বা তার আগে পাবলিক স্কুল অবশ্যই আপনাকে এবং আপনার সন্তানের পিতামাতার অধিকারের স্থানান্তর বর্ণনা করে লিখিত নোটিশ প্রদান করবে এবং অভিভাবকত্বের বিষয়ে তথ্য এবং অভিভাবকত্বের বিকল্পগুলি অন্তর্ভুক্ত থাকতে হবে, যেখানে সমর্থিত ডিসিশন-মেকিং চুক্তি, এবং অন্যান্য সহায়তা এবং পরিষবাদি অন্তর্ভূক্ত থাকে যা আপনার সন্তানকে স্বাধীনভাবে বাঁচতে সহায়তা করতে পারে। আপনার সন্তানের IEP অবশ্যই উল্লেখ করবে যে পাবলিক স্কুল এই তথ্য সরবরাহ করেছে।

আপনার সন্তানের 18তম জন্মদিনে, পাবলিক স্কুল অবশ্যই আপনাকে এবং আপনার সন্তানকে লিখিত নোটিশ প্রদান করবে যে প্রাপ্তবয়স্ক শিক্ষার্থীর কাছে পিতামাতার অধিকার স্থানান্তরিত হয়েছে। এই লিখিত নোটিশে অভিভাবকত্বের বিষয়ে তথ্য ও সংস্থান এবং অভিভাবকত্বের বিকল্পগুলি অন্তর্ভুক্ত থাকতে হবে, যেখানে সমর্থিত ডিসিশন-মেকিং চুক্তি, এবং অন্যান্য সহায়তা এবং পরিষবাদি অন্তর্ভূক্ত থাকে যা আপনার সন্তানকে স্বাধীনভাবে বাঁচতে সহায়তা করতে পারে। এই লিখিত নোটিশে অতিরিক্ত তথ্য সন্ধানের জন্য যোগাযোগের তথ্য অবশ্যই থাকতে হবে।

বিশেষ শিক্ষা সম্পর্কিত তথ্য

আপনার যদি বিশেষ শিক্ষার সমস্যা সম্পর্কিত তথ্য দরকার হয়, আপনি বিশেষ শিক্ষা তথ্য কেন্দ্রে 1-855-SPEDTEX (1-855-773-3839) এ ফোন করতে পারেন। আপনি যদি এই নম্বরে কল করেন এবং কোন ম্যাসেজ পাঠান, তাহলে কেউ স্বাভাবিক কাজের সময়ে আপনার কলে রেসপন্স করবে। বধির বা শ্রুতি-দুর্বল ব্যক্তিরা 7-1-1 এ রিলে টেক্সাস ব্যবহার করে SPEDTEX নম্বরে কল করতে পারেন।

মতবিরোধের সমাধান

এমন কিছু সময় থাকতে পারে যখন আপনি আপনার সন্তানের বিশেষ শিক্ষা এবং তৎসম্পর্কিত পরিষেবাদির ব্যাপারে স্কুল কর্তৃক গৃহীত পদক্ষেপগুলির সাথে একমত হবেন না। মতবিরোধ হলে তা সমাধান করতে স্কুল কর্মীদের সাথে কাজ করার জন্য আপনাকে উৎসাহিত করা হচ্ছে। পিতামাতাদের জন্য বিরোধ সমাধানের কী বিকল্পগুলি আছে তা আপনি স্কুলকে জিজ্ঞাসা করতে পারেন। TEA বিশেষ শিক্ষাগত মতবিরোধ সমাধানের জন্য চারটি আনুষ্ঠানিক অপশন প্রস্তাব করে: স্টেট IEP সুবিধা, মধ্যস্থতা পরিষেবাদি, বিশেষ শিক্ষার অভিযোগ সমাধান প্রক্রিয়া এবং যথাযথ প্রক্রিয়া শুনানির প্রোগ্রাম।

যথাযথ প্রক্রিয়া অভিযোগ এবং শুনানি এবং বিশেষ শিক্ষা অভিযোগের পদ্ধতির মধ্যে পার্থক্য

ফেডারেল বিশেষ শিক্ষা বিধিমালা বিশেষ শিক্ষার অভিযোগ এবং যথাযথ প্রক্রিয়া অভিযোগ এবং শুনানির জন্য পৃথক পদ্ধতি নির্ধারণ করে। উপরে বর্ণিত অনুযায়ী স্টেটের বাইরের সহ যে কোনও ব্যক্তি বা সংগঠন কোন স্কুল, TEA, বা অন্য কোনও পাবলিক এজেন্সি দ্বারা IDEA পার্ট B এর শর্ত লঙ্ঘনের অভিযোগে একটি বিশেষ শিক্ষার অভিযোগ দায়ের করতে পারে। কেবল আপনি বা স্কুল কোন প্রতিবন্ধী সন্তানের পরিচয়, মূল্যায়ন বা শিক্ষাগত প্লেসমেন্ট নির্ধারণ বা পরিবর্তন করতে একটি প্রস্তাব বা প্রত্যাখ্যান বা সন্তানের কাছে FAPE এর বিধান সম্পর্কিত কোন বিষয়ে একটি যথাযথ প্রক্রিয়া অভিযোগ দায়ের করতে পারেন। যেহেতু TEA-কে সাধারণত 60 কর্ম দিবসের সময়সীমার মধ্যে একটি বিশেষ শিক্ষার অভিযোগের সমাধান করতে হবে, সময়সীমাটি যথাযথভাবে প্রসারিত না হলে, একটি নিরপেক্ষ যথাযথ প্রক্রিয়া শুনানির আধিকারিককে অবশ্যই যথাযথ প্রক্রিয়া অভিযোগ শুনানি করতে হবে (যদি কোন রেজুলেশন সভার মাধ্যমে বা মধ্যস্থতার মাধ্যমে সমাধান না হয়) এবং রেজুলেশন সময়সীমা শেষ হওয়ার পরে 45 কর্ম দিবসের মধ্যে একটি লিখিত সিদ্ধান্ত জারি করবেন, রেজুলেশন প্রক্রিয়া (Resolution Process) শিরোনামের অধীনে এই নথিতে বর্ণিত অনুসারে, শুনানি আধিকারিক আপনার

অনুরোধে বা স্কুলের অনুরোধে সময়সীমাটি প্রসারিত করা মঞ্জুরি না দেন।

স্টেট IEP সুবিধাপ্রদান (State IEP Facilitation)

স্টেট আইনের চাহিদা হিসাবে, TEA প্রতিবন্ধী শিশুকে FAPE সরবরাহ সংক্রান্ত সিদ্ধান্ত নিয়ে বিরোধপূর্ণ পক্ষগুলির জন্য একটি ARD কমিটির বৈঠকে সহায়তা করতে স্বাধীন IEP পরিচালকদের সরবরাহের জন্য একটি স্টেট IEP সুবিধা প্রকল্প স্থাপন করেছে। TEA-এর জন্য একজন স্বাধীন পরিচালক সরবরাহ করার জন্য যে শর্তগুলি পূরণ করতে হবে সেগুলি নিম্নরূপ:

- প্রয়োজনীয় অনুরোধ ফর্মটি অবশ্যই আপনার এবং স্কুল উভয় কর্তৃক সম্পূর্ণ করে স্বাক্ষরিত হতে হবে। এই ফর্মটি অনলাইনে ইংরেজি এবং স্প্যানিশ ভাষায় এখানে পাওয়া যায় স্বতন্ত্র শিক্ষামূলক কর্মসূচির সুবিধা (Individualized Education Program Facilitation) (লিংক: bit.ly/3spluIV)। এটি TEA থেকে অনুরোধের পরও পাওয়া যায়।
- বিরোধটি অবশ্যই একটি ARD কমিটির বৈঠকে তুলতে হবে যেখানে IEP -এর প্রয়োজনীয় উপাদানগুলির এক বা একাধিক সম্পর্কে পারস্পরিক চুক্তি সম্পাদিত হয়নি এবং ARD কমিটি বৈঠকটি বিরতি দিয়ে আবার বসতে সম্মত হয়েছে।
- আপনি এবং স্কুল অবশ্যই মতবিরোধে শেষ হওয়া ARD কমিটির বৈঠকের পাঁচ কর্মদিবসের মধ্যে প্রয়োজনীয় অনুরোধ ফর্মটি জমা দিয়েছেন, এবং সভাটি পুনঃঅনুষ্ঠিত হওয়ার জন্য নির্ধারিত তারিখে অবশ্যই একজন পরিচালক উপস্থিত থাকতে হবে।
- বিরোধটি অবশ্যই কোন প্রকাশ নির্ধারণ বা IAES প্লেসমেন্ট নির্ধারণের সাথে সম্পৃক্ত নয়।
- আপনি এবং স্কুল অবশ্যই একযোগে বিশেষ শিক্ষার মধ্যস্থতায় জড়িয়ে পড়েবেন না।
- বিরোধপূর্ণ সমস্যাগুলি অবশ্যই একটি বিশেষ শিক্ষার অভিযোগ বা বিশেষ শিক্ষার যথাযথ প্রক্রিয়া শুনানির বিষয় হওয়া উচিত নয়।
- IEP সুবিধার জন্য বর্তমান অনুরোধ দায়েরের একই স্কুল বর্ষে আপনি এবং স্কুল অবশ্যই একই শিশু সম্পর্কিত IEP সুবিধায় অংশ নিতে পারেননি।
- স্টেটের IEP সুবিধা প্রোগ্রাম সম্পর্কিত স্টেট আইন এখানে পাওয়া যাবে 19 TAC §89.1197 (লিংক: bit.ly/3bCULCL).

মধ্যস্থা পরিষেবাদি

IDEA পার্ট B এর অধীনে যে কোনও বিষয়ে বিরোধ নিষ্পত্তি করতে মধ্যস্থতা অবশ্যই পাওয়া যেতে হবে, যেখানে যথাযথ প্রক্রিয়া অভিযোগ দায়ের করার আগে উত্থাপিত বিষয়গুলিও অন্তর্ভূক্ত থাকবে। সুতরাং, IDEA পার্ট B এর অধীনে বিরোধগুলি সমাধানের জন্য মধ্যস্থতা উপলব্ধ রয়েছে যা আপনি যথাযথ প্রক্রিয়া পদ্ধতিসমূহ (Due Process Procedures) শিরোনামের অধীনে বর্ণিত যথাযথ প্রক্রিয়া শুনানির জন্য অনুরোধ করতে যথাযথ প্রক্রিয়া অভিযোগ দায়ের করেন বা না করেন। মধ্যস্থতা সন্তানের সনাক্তকরণ, মূল্যায়ন, বা শিক্ষাগত প্লেসমেন্ট নির্ধারণ বা সন্তানের FAPE বিধানের বিষয়ে পিতা-মাতা এবং বিদ্যালয়ের মধ্যে বিরোধের মধ্যেই সীমাবদ্ধ নয়।

মধ্যস্থতা একটি স্বেচ্ছামূলক প্রক্রিয়া। সুতরাং, যদি আপনি এবং স্কুল উভয়ই স্বেচ্ছায় মধ্যস্থতায় অংশ নিতে রাজি হন, TEA তা ব্যবস্থা করে দেবে এবং মধ্যস্থতার জন্য অর্থ প্রদান করে। আপনার নির্ধারিত প্রক্রিয়া শুনানি বা IDEA-এর অধীনে কোন অধিকার বিলম্ব বা অস্বীকার করতে মধ্যস্থতা ব্যবহৃত হতে পারে না।

প্রতিবার একটি যথাযথ প্রক্রিয়া শুনানির জন্য অনুরোধ করা হলে TEA স্বয়ংক্রিয়ভাবে মধ্যস্থতা পরিষেবাদি সরবরাহ করে। তবে IDEA পার্ট B এর অধীনে যে কোন বিষয়ে আপনি এবং স্কুলের মধ্যে কোন বিরোধ হলে আপনি মধ্যস্থতা পরিষেবাদির জন্য অনুরোধ করতে পারেন।

মধ্যস্থতাকারীরা TEA বা সেই স্কুল ডিস্ট্রিক্টির কর্মচারী নয় যা মধ্যস্থতা প্রক্রিয়ার বিষয়বস্তু সন্তানের শিক্ষা বা যত্নের সাথে জড়িত এবং তাদের কোনও ব্যক্তিগত বা পেশাদার স্বার্থ থাকতে পারে না যা তাদের নিরপেক্ষতার সাথে সাংঘর্ষিক। যে ব্যক্তি অন্যভাবে মধ্যস্থতাকারী হিসাবে যোগ্যতা অর্জন করে, তিনি কোন স্কুল ডিস্ট্রিক্ট বা TEA কর্মচারী একেবারে নন কারণ কেবলমাত্র তাকে মধ্যস্থতাকারীর দায়িত্ব নেয়ার জন্য TEA কর্তৃক অর্থ প্রদান করা হয়। মধ্যস্থতাকারীরা হল পেশাদার যারা বিরোধ সমাধানে দক্ষ এবং প্রশিক্ষিত এবং বিশেষ শিক্ষার আইন সম্পর্কে তাদের পান্ডিত্য রয়েছে। মধ্যস্থতার ভূমিকা হবে

নিরপেক্ষ এবং মধ্যস্থতার ক্ষেত্রে কোনও পক্ষপাতিত্ব করবে না। মধ্যস্থতার লক্ষ্য হল আপনাকে এবং স্কুলকে এমন একটি চুক্তিতে পৌঁছাতে সহায়তা করা যা আপনারা উভয়কেই সন্তুষ্ট করে।

মধ্যস্থতাকারীদের বর্তমান তালিকার একটি লিঙ্ক এখানে পাওয়া যাবে জেনারেল কাউন্সেল অফিস, বিশেষ মধ্যস্থতা প্রোগ্রাম (Office of General Counsel, Special Mediation Program) (লিংক: bit.ly/39yQTjK)।

আপনি এবং স্কুল মধ্যস্থতা করতে সম্মত হলে, আপনি একজন নির্দিষ্ট মধ্যস্থতাকারী ব্যবহার করতে সম্মত হতে পারেন, বা একজন মধ্যস্থতাকারী এলোমেলোভাবে নিযুক্ত করা হবে। উভয় ক্ষেত্রেই, মধ্যস্থতাকারী আপনার এবং স্কুলের জন্য উপযুক্ত কোন স্থানে এবং সময়ে মধ্যস্থতা সেশনটি শিডিউল করার জন্য আপনার সাথে তাৎক্ষণিকভাবে যোগাযোগ করবে।

মধ্যস্থতা প্রক্রিয়া চলাকালীন যে আলোচনাগুলি হয় তা অবশ্যই গোপনীয় হতে হবে। ভবিষ্যতে যথাযথ প্রক্রিয়া শুনানিতে বা IDEA পার্ট B এর অধীনে সহায়তা প্রাপ্ত কোনও ফেডারেল আদালত বা স্টেট আদালতের দেওয়ানি কার্যক্রমে প্রমাণ হিসাবে সেগুলি ব্যবহার করা যাবে না।

যদি আপনি এবং স্কুল মধ্যস্থতা প্রক্রিয়ার মাধ্যমে কোনও বিরোধের সমাধান করেন, তাহলে উভয় পক্ষকে অবশ্যই আইনত বাধ্যতামূলক চুক্তিতে প্রবেশ করতে হবে যা রেজুলেশন সেট করে। চুক্তিতে অবশ্যই উল্লেখ হওয়া উচিত যে মধ্যস্থতা প্রক্রিয়া চলাকালীন যে সমস্ত আলোচনা হয়েছে তা গোপনীয় থাকবে এবং পরবর্তী কোনও প্রক্রিয়া শুনানি বা দেওয়ানী কার্যক্রমে তা প্রমাণ হিসাবে ব্যবহৃত হবে না। চুক্তিটি অবশ্যই আপনার এবং স্কুল ডিস্ট্রিক্টের একজন প্রতিনিধির দ্বারা স্বাক্ষর করতে হবে যিনি স্কুল ডিস্ট্রিক্টকে দায়বদ্ধ করার অধিকার রাখেন। লিখিত, স্বাক্ষরিত মধ্যস্থতা চুক্তির আইনত বাধ্যবাধকতা রয়েছে এবং প্রয়োগযোগ্য যে কোনও আদালতে যার স্টেট আইনের অধীনে এই জাতীয় মামলার শুনানির অধিকার রয়েছে বা ফেডারেল ডিস্ট্রিক্ট আদালতে।

আপনি এখানে TEA ওয়েবসাইটে মধ্যস্থতা প্রক্রিয়া সম্পর্কে আরও তথ্য পেতে পারেন জেনারেল কাউন্সেল অফিস, বিশেষ মধ্যস্থতা প্রোগ্রাম (লিংক: bit.ly/39yQTjK)।

বিশেষ শিক্ষার মধ্যস্থতা প্রক্রিয়া সম্পর্কিত স্টেট রুল এখানে পাওয়া যাবে 19 TAC §89.1193 (Link: bit.ly/35Dyrp2).

বিশেষ শিক্ষার অভিযোগ নিষ্পত্তি প্রক্রিয়া

বিশেষ শিক্ষার বিরোধ নিষ্পত্তি করার জন্য আরেকটি বিকল্প হল TEA-এর বিশেষ শিক্ষার অভিযোগ নিষ্পত্তি প্রক্রিয়া। এই ডকুমেন্টে *বিশেষ শিক্ষার অভিযোগ (special education complaint)* পরিভাষাটি IDEA এবং এর প্রয়োগকারী বিধিমালার অধীনে একটি স্টেট অভিযোগকে বোঝায়। যদি আপনি বিশ্বাস করেন যে কোন পাবলিক এজেন্সি একটি বিশেষ শিক্ষার শর্তাদি লঙ্ঘন করেছে, বা যদি আপনি বিশ্বাস করেন যে কোন পাবলিক এজেন্সি যথাযথ প্রক্রিয়া শুনানির সিদ্ধান্ত গ্রহণ করছে না, তাহলে আপনি TEA-এর কাছে লিখিত অভিযোগ পাঠাতে পারেন। আপনি নিজের অভিযোগ TEA-তে প্রেরণ করার একই সময়ে আপনি যার বিরুদ্ধে অভিযোগ দায়ের করছেন তার কাছেও আপনার অভিযোগ অবশ্যই পাঠাতে হবে। অন্য স্টেটের যে কেউ সহ যে কোন এজেন্সি বা ব্যক্তি TEA-এর কাছে একটি বিশেষ শিক্ষার অভিযোগ দায়ের করতে পারেন। TEA -এর অভিযোগ গ্রহণের পরের দিনের কর্মদিবস হতে অভিযোগের সময়সীমা শুরু হবে।

TEA একটি বিশেষ শিক্ষার অভিযোগ দায়ের করতে অভিভাবকদের এবং অন্যান্য পক্ষদের সহায়তা করার জন্য একটি মডেল ফর্ম তৈরি করেছে। একটি বিশেষ শিক্ষার অভিযোগ দায়েরকারী একটি পক্ষ স্টেট মডেল ফর্ম বা অন্য কোনও ডকুমেন্ট ব্যবহার করতে পারে, তবে অভিযোগে সকল প্রয়োজনীয় তথ্য অন্তর্ভুক্ত থাকতে হবে।

আপনার লিখিত অভিযোগে অবশ্যই এমন একটি লঙ্ঘনের বর্ণনা থাকবে যা অভিযোগ পাওয়ার তারিখের এক বছরের বেশি আগে ঘটেনি। অভিযোগে যা অবশ্যই অন্তর্ভুক্ত থাকতে হবে: একটি বিবৃতি যে পাবলিক এজেন্সি একটি বিশেষ শিক্ষার শর্তাদি লঙ্ঘন করেছে, যে সব বিষয়ের ভিত্তিতে বিবৃতিটি করা হয়েছে, এবং আপনার স্বাক্ষর এবং যোগাযোগের তথ্য। অভিযোগটি যদি কোন নির্দিষ্ট শিশুর উদ্বেগ প্রকাশ করে, তাহলে অভিযোগে অবশ্যই এগুলি অন্তর্ভুক্ত থাকতে হবে: সন্তানের নাম, ঠিকানা বা উপলব্ধ যোগাযোগের তথ্য যদি শিশু গৃহহীন হয়, শিশুর বিদ্যালয়ের নাম এবং শিশুর সমস্যার প্রকৃতির বিবরণ সমস্যাটি সম্পর্কিত বিষয়াদি যে পরিমাণে সে সময়ে আপনার কাছে উপলব্ধ রয়েছে তা সহ। অভিযোগে

অভিযোগ দায়েরের সময় অভিযোগকারীর কাছে জানা এবং উপলব্ধ পরিমাণে সমস্যার একটি প্রস্তাবিত সমাধান অন্তর্ভুক্ত থাকতে হবে।

একটি বিশেষ শিক্ষার অভিযোগ দায়েরের পরে TEA অভিযোগকারীকে অভিযোগে আনীত বিষয়াদি সম্পর্কিত অতিরিক্ত তথ্য মৌখিকভাবে বা লিখিতভাবে জমা দেওয়ার সুযোগ দেবে। TEA পাবলিক এজেন্সিকেও অভিযোগের প্রতিক্রিয়া জানাতে এবং অভিযোগটি সমাধানের জন্য একটি প্রস্তাব জমা দেওয়ার সুযোগ দেবে। TEA অভিযোগ দায়েরকারী পিতামাতাকে এবং পাবলিক এজেন্সিকে মধ্যস্থতায় যাওয়ার সুযোগও দেবে।

একটি বিশেষ শিক্ষার অভিযোগ পাওয়ার পরে 60 কর্ম দিবসের মধ্যে, TEA প্রয়োজনে অন-সাইট তদন্ত সহ একটি তদন্ত পরিচালনা করবে। অভিযোগ সমাধানে 60 কর্ম দিবসের সময়সীমাটি বাড়ানো যেতে পারে কোন বিশেষ অভিযোগের ক্ষেত্রে ব্যতিক্রমী পরিস্থিতির কারণে বা যদি বিশেষ শিক্ষার অভিযোগে উভয় পক্ষ বিরোধ সমাধানের জন্য মধ্যস্থতায় যেতে বা বিকল্প উপায় গ্রহণে সময় বাড়াতে একমত হই।

তদন্ত পরিচালনার ক্ষেত্রে TEA সকল প্রাসঙ্গিক তথ্য পর্যালোচনা করবে এবং পাবলিক এজেন্সি ফেডারেল বা স্টেটের বিশেষ শিক্ষার শর্তাদি লঙ্ঘন করেছে কিনা সে সম্পর্কে একটি স্বাধীন সিদ্ধান্ত নেবে। TEA অভিযোগের প্রত্যেক বিষয় তুলে ধরে সত্য অনুসন্ধান, ফলাফল এবং TEA-এর সিদ্ধান্তের কারণসহ একটি লিখিত সিদ্ধান্ত পেশ করবে।

যেখানে TEA একটি অভিযোগের সমাধানের ক্ষেত্রে যথাযথ পরিষেবাদি সরবরাহ করার ব্যাপারে ব্যর্থতা খুঁজে পেয়েছে, সেখানে TEA-কে অবশ্যই উপযুক্ত পরিষেবা সরবরাহ করতে ব্যর্থতার সমাধান করতে হবে সন্তানের প্রয়োজনীয়তা পূরণের উপযুক্ত সংশোধনমূলক পদক্ষেপগ্রহণ (যেমন ক্ষতিপূরণমূলক পরিষেবা বা আর্থিক ক্ষতিপূরণ) এবং সকল প্রতিবন্ধী শিশুদের জন্য পরিষেবাদির যথাযথ ভবিষ্যৎ সুবিধাসহ।

বিশেষ শিক্ষার অভিযোগের বিষয়ে TEA-এর সিদ্ধান্ত চূড়ান্ত এবং এটি আপিল করা যাবে না।

অভিযোগ দায়ের করলে আপনার মধ্যস্থতার জন্য অনুরোধ করার অধিকার বা যথাযথ প্রক্রিয়া শুনানির অধিকার হারিয়ে যাবে না। আপনি যদি অভিযোগ দায়ের করেন এবং একই বিষয়াদির জন্য যথাযথ প্রক্রিয়া শুনানির অনুরোধ করেন, তাহলে TEA অভিযোগের সেসব বিষয়াদি যা যথাযথ প্রক্রিয়া শুনানিতে নির্ধারিত হবে তা শুনানি শেষ না হওয়া পর্যন্ত আলাদা করে রাখবে। অভিযোগের যে কোন বিষয় যা যথাযথ প্রক্রিয়া শুনানির অংশ নয়, সেটি এই নথিতে বর্ণিত সময়সীমা এবং পদ্ধতির মধ্যে নিষ্পত্তি করা হবে।

অভিযোগে উত্থাপিত কোন বিষয় যদি একই পক্ষগুলিকে সম্পৃক্ত করে যথাযথ প্রক্রিয়া শুনানিতে সিদ্ধান্ত নেওয়া হয়, তাহলে শুনানির সিদ্ধান্ত সেই ইস্যুতে বাধ্যতামূলক, এবং TEA অভিযোগকারীকে সেই বিষয়ে অবহিত করবে।

পিতামাতাদের এবং অন্যান্য স্বার্থ-সংশ্লিষ্ট ব্যক্তিদের কাছে ব্যাপক প্রচারের জন্য TEA-এর কাছে অভিযোগের পদ্ধতিটির লিখিত পদ্ধতি থাকতে হবে যেখানে পিতামাতা/অভিভাবক প্রশিক্ষণ এবং তথ্য কেন্দ্র, সুরক্ষা এবং তত্ত্বাবধায়ক এজেন্সিগুলি, স্বতন্ত্র আবাসনকেন্দ্র এবং অন্যান্য উপযুক্ত সামগ্রী সহ।

চূড়ান্ত সিদ্ধান্তের কার্যকর বাস্তবায়ন নিশ্চিত করার জন্য প্রয়োজন সাপেক্ষে TEA-এর অবশ্যই লিখিত পদ্ধতি থাকতে হবে, যেখানে নিম্নোক্ত বিষয়গুলি অন্তর্ভূক্ত: (ক) প্রযুক্তিগত সহায়তা কার্যক্রম; (খ) সমঝোতা;এবং (গ) সঙ্গতি লাভের জন্য সংশোধনমূলক পদক্ষেপ।

আপনি এখানে TEA ওয়েবসাইটে বিশেষ শিক্ষার অভিযোগ প্রক্রিয়া এবং অভিযোগ তদন্ত ফর্ম সংক্রান্ত আরও তথ্য পেতে পারেন বিশেষ শিক্ষার বিরোধ নিষ্পত্তি প্রক্রিয়াসমূহ (Special Education Dispute Resolution Processes) (লিংক: bit.ly/3bL6n73)।

বিশেষ শিক্ষার অভিযোগ প্রক্রিয়া সংক্রান্ত স্টেট রুল এখানে পাওয়া যাবে 19 TAC §89.1195 (Link: bit.ly/35IU1rY)

যথাযথ প্রক্রিয়ার পদ্ধতিসমূহ

বিশেষ শিক্ষার বিরোধ নিষ্পত্তি করার জন্য চতুর্থ বিকল্প হল যথাযথ প্রক্রিয়া শুনানি প্রোগ্রাম। যথাযথ প্রক্রিয়া শুনানিতে একজন নিরপেক্ষ শুনানি আধিকারিক পক্ষগুলির প্রমাণ শুনেন এবং আইনগতভাবে বাধ্যতামূলক সিদ্ধান্ত গ্রহণ করেন।

শুনানির জন্য অনুরোধ করতে আপনাকে বা স্কুলকে (বা আপনার অ্যাটর্নি/প্রতিনিধি বা স্কুলের অ্যাটর্নি/প্রতিনিধি) অবশ্যই অন্য পক্ষের কাছে একটি যথাযথ প্রক্রিয়া অভিযোগ জমা দিতে হবে এবং TEA-তে এটি দায়ের করতে হবে। আপনার সন্তানের সনাক্তকরণ, মূল্যায়ন বা শিক্ষার প্লেসমেন্ট নির্ধারণ সংক্রান্ত বা আপনার সন্তানের কাছে FAPE সুবিধ সম্পর্কিত কোন বিষয়ে যথাযথ প্রক্রিয়া অভিযোগ দায়ের করে আপনার যথাযথ প্রক্রিয়া শুনানির অনুরোধ করার অধিকার রয়েছে।

যদি আপনি 31 আগস্ট, 2022 তারিখে বা এর পূর্বে একটি যথাযথ প্রক্রিয়ার অভিযোগ দায়ের করেন, তাহলে তৎকালীন প্রচলিত আইন অনুসারে আপনাকে সেই সময় থেকে এক বছরের মধ্যে এটি দায়ের করতে হবে যখন আপনি অভিযোগের ভিত্তি হওয়া অভিযুক্ত কাজটি সম্পর্কে জানতেন বা আপনার জানা উচিত ছিল। তবে, 1 সেপ্টেম্বর, 2022 থেকে শুরু হওয়া আইনের পরিবর্তনের কারণে, সেই সময় থেকে দুই বছরের মধ্যে আপনাকে অবশ্যই একটি যথাযথ প্রক্রিয়ার অভিযোগ দায়ের করতে হবে যখন অভিযোগের ভিত্তি হওয়া অভিযুক্ত পদক্ষেপটি সম্পর্কে আপনি জানতেন বা আপনার জানা উচিত ছিল। এই সময়সীমাটিকে একটি সীমাবদ্ধতার বিধি হিসাবেও উল্লেখ করা হয়। এই সময়সীমাটি আপনার জন্য প্রযোজ্য নয় যদি আপনাকে যথাযথ প্রক্রিয়া অভিযোগ দায়ের করা থেকে বিরত রাখা হয় স্কুল কর্তৃক এই বিশেষ ভুল উপস্থাপনার কারণে যে এটি আপনার সমস্যার বিষয় সমাধান করেছে বা এই কারণে যে স্কুল আপনাকে সরবরাহ করতে হবে এমন প্রয়োজনীয় তথ্য আটকে রেখেছিল। যেখানে IDEA-এর প্রয়োজনীয়তা নেই, টেক্সাস স্টেট আইনে বর্ণিত আছে যে কিছু পরিস্থিতিতে যথাযথ প্রক্রিয়া অভিযোগ দায়েরের জন্য এক বছরের সীমাবদ্ধতার বিধিকে টোল করা বা বিরতি দেওয়া যেতে পারে যদি আপনি সশস্ত্র বাহিনী, ন্যাশনাল ঔশানিক এবং এটমসফিয়ারিক প্রশাসনের কমিশন কর্পস, বা মার্কিন যুক্তরাষ্ট্রের জনস্বাস্থ্য পরিষেবাদির কমিশনড কর্পস এর সক্রিয় ডিউটি সদস্য হন, এবং যদি পরিষেবা সদস্য নাগরিক ত্রাণ আইন (Service Members Civil Relief Act) হিসাবে পরিচিত একটি ফেডারেল আইনের সীমাবদ্ধতার বিধি আপনার জন্য প্রযোজ্ হয়।

আপনি যদি যথাযথ প্রক্রিয়া শুনানির জন্য অনুরোধ করতে একটি যথাযথ প্রক্রিয়া অভিযোগ দায়ের করেন, তাহলে স্কুল একটি বিশেষ শিক্ষার শর্তাদি লঙ্ঘন করেছে তা প্রমাণ করার ভার আপনার বহন করতে হয়। কিছু বিশেষ পরিস্থিতিতে আপনার বিরুদ্ধে যথাযথ প্রক্রিয়া শুনানির জন্য স্কুল একটি যথাযথ প্রক্রিয়া অভিযোগ দায়ের করতে পারে। এই পরিস্থিতিতে বিদ্যালয় প্রমাণের ভার বহন করবে।

পূর্বে তালিকাভুক্ত যে কোন বিষয়ে স্কুলের জন্য আদালতে মামলা করার আগে আপনাকে অবশ্যই একটি যথাযথ প্রক্রিয়ার অভিযোগ দায়ের করতে হবে। আপনি যদি তা না করে থাকেন, তাহলে আদালতে আপনার দাবী খারিজ হতে পারে।

একটি যথাযথ প্রক্রিয়া শুনানির জন্য অনুরোধ

আপনার বা স্কুলের যথাযথ প্রক্রিয়া শুনানি হতে পারে না যতক্ষণ আপনি বা স্কুল (বা আপনার অ্যাটর্নি/প্রতিনিধি বা স্কুল অ্যাটর্ন/প্রতিনিধি) কর্তৃক যথাযথ প্রক্রিয়ার অভিযোগ দায়ের না করা হয় যেখানে এই বিষয়গুলি অন্তর্ভূক্ত থাকবে: আপনার সন্তানের নাম এবং ঠিকানা বা আপনার সন্তান গৃহহীন হলে উপলব্ধ যোগাযোগের তথ্য; শিশুর বিদ্যালয়ের নাম এবং শিশুর সমস্যার প্রকৃতির বিবরণ সমস্যাটি সম্পর্কিত বিষয়াদি যে পরিমাণে আপনার কাছে উপলব্ধ রয়েছে তা সহ; আপনার কাছে জানা এবং উপলব্ধ পরিমাণে সমস্যার একটি প্রস্তাবিত সমাধান।

TEA থেকে যথাযথ প্রক্রিয়া অভিযোগের জন্য একটি ফর্ম এখানে পাওয়া যাবে জেনারেল কাউন্সেলের অফিস, বিশেষ শিক্ষার যথাযথ প্রক্রিয়া শুনানি লিংক: (bit.ly/2XCdKFw)।

আপনার TEA ফর্ম ব্যবহার করতে হবেনা, তবে আপনার অভিযোগে উপরোক্ত প্রয়োজনীয় তথ্যাদি অবশ্যই থাকতে হবে।

আপনাকে, আপনার অ্যাটর্নি বা আপনার প্রতিনিধিকে (বা স্কুল, এর অ্যাটর্নি, বা এর প্রতিনিধিকে) অবশ্যই লিখিতভাবে যথাযথ প্রক্রিয়া অভিযোগ TEA -এর কাছে এবং একই সময়ে বিরোধী পক্ষের কাছে প্রেরণ করতে হবে। যথাযথ প্রক্রিয়া অভিযোগ অবশ্যই গোপন রাখতে হবে।

যথাযথ প্রক্রিয়া অভিযোগ নিয়ে এগিয়ে যেতে, তা যথোপযুক্ত হিসাবে বিবেচ্য হতে হবে (উপরে বর্ণিত কনটেন্ট শর্তাদি পূরণ করবে)। যথাযথ প্রক্রিয়া অভিযোগটি যথোপযুক্ত হিসাবে বিবেচিত হবে যদি যথাযথ প্রক্রিয়া অভিযোগ গ্রহণকারী পক্ষটি (আপনি বা স্কুল) অভিযোগ গ্রহণের 15 কর্ম দিবসের মধ্যে শুনানি আধিকারিক এবং অন্য পক্ষকে লিখিতভাবে অবহিত না

করে যে গ্রহণকারী পক্ষ বিশ্বাস করে যে যথাযথ প্রক্রিয়া অভিযোগ উপরে তালিকাভুক্ত শর্তাদি পূরণ করে না।

নোটিফিকেশন পাওয়ার পাঁচ কর্ম দিবসের মধ্যে গ্রহণকারী পক্ষ (আপনি বা স্কুল ডিস্ট্রিক্ট) একটি যথাযথ প্রক্রিয়া অভিযোগকে অপর্যাপ্ত হিসাবে বিবেচনা করবে, তখন শুনানি আধিকারিককে সিদ্ধান্ত নিতে হবে যথাযথ প্রক্রিয়া অভিযোগ উপরে উল্লিখিত শর্তাদি পূরণ করে কিনা এবং আপনাকে এবং স্কুলকে অবিলম্বে অবহিত করবে।

একটি যথাযথ প্রক্রিয়া অভিযোগের প্রতি স্কুল ডিস্ট্রিক্টের প্রতিক্রিয়া

যদি স্কুল আপনাকে যথাযথ প্রক্রিয়া অভিযোগে অন্তর্ভুক্ত বিষয়বস্তু সম্পর্কে 34 CFR §300.503 এর অধীনে পূর্বে লিখিত নোটিশ না পাঠায়, তাহলে যথাযথ প্রক্রিয়া অভিযোগ পাওয়ার 10 দিবসের মধ্যে স্কুলকে অবশ্যই আপনার কাছে একটি রেসপন্স পাঠাতে হবে যেখানে নিম্নোক্তগুলি অন্তর্ভুক্ত থাকেবে:

- এটি কেন যথাযথ প্রক্রিয়া অভিযোগে উত্থাপিত পদক্ষেপ গ্রহণে প্রস্তাব বা প্রত্যাখান করেছে তার ব্যাখ্যা;
- অন্যান্য বিকল্পগুলির বিবরণ যা ARD কমিটি বিবেচনা করেছিল এবং সেই অপশনগুলি প্রত্যাখ্যান করার কারণ;
- প্রতিটি মূল্যায়ন প্রক্রিয়া, মূল্যায়ন, রেকর্ড, বা রিপোর্টের বিবরণ যা এটি প্রস্তাবিত বা প্রত্যাখ্যানকৃত ক্রিয়ার ভিত্তি হিসাবে ব্যবহার করেছে; এবং
- স্কুলের প্রস্তাবিত বা প্রত্যাখ্যানকৃত ক্রিয়া সংক্রান্ত অন্যান্য বিষয়াদির বিবরণ।

উপযুক্ত ক্ষেত্রে এই তথ্য সরবরাহ আপনার যথাযথ প্রক্রিয়া অভিযোগ অপর্যাপ্ত ছিল তা জানাতে স্কুলকে বাধা দেয় না।

যথাযথ প্রক্রিয়া অভিযোগের প্রতি অন্য পক্ষের প্রতিক্রিয়া

ঠিক উপরে বর্ণিতগুলি ব্যতীত, একটি যথাযথ পক্রিয়া অভিযোগ গ্রহণকারী পক্ষকে অভিযোগ পাওয়ার 10 কর্ম দিবসের মধ্যে অবশ্যই অন্য পক্ষকে একটি প্রতিক্রিয়া প্রেরণ করতে হবে যা অভিযোগের সমস্যাগুলিকে বিশেষভাবে সম্বোধন করে।

পিতামাতা/অভিভাবক বা স্কুল যথাযথ প্রক্রিয়া অভিযোগটি কেবল সংশোধন বা পরিবর্তন করতে পারে যদি অন্য পক্ষ লিখিতভাবে পরিবর্তনের বিষয়ে অনুমোদন দেয় এবং রেজুলেশন সভার মাধ্যমে যথাযথ প্রক্রিয়া অভিযোগের সমাধান করার সুযোগ দেওয়া হয় বা শুনানি আধিকারিক যদি শুনানি শুরু হওয়ার অনধিক পাঁচ কর্ম দিবসের আগে অনুমতি দেয়। যে পক্ষ শুনানির জন্য অনুরোধ করেছে সেই পক্ষ শুনানিতে এমন বিষগুলি উত্থাপন করতে পারবে না যা যথাযথ প্রক্রিয়া অভিযোগে উত্থাপিত হয়নি যদি অন্য পক্ষ অতিরিক্ত বিষয়াদি উত্থাপন করার ব্যাপারে সম্মতি না দেয়। যদি দায়েরকারী পক্ষ, আপনি বা স্কুল, যথাযথ প্রক্রিয়া অভিযোগ সংশোধন (পরিবর্তন) করেন, তাহলে রেজুলেশনের সময়সীমা এবং শুনানির সময়সীমা সংশোধিত অভিযোগ দায়েরের তারিখে আবার শুরু হবে।

আপনাকে অবশ্যই এই অঞ্চলে যে কোন বিনামূল্যে বা স্বল্পমূল্যের আইনী ও অন্যান্য প্রাসঙ্গিক পরিষেবাদি সম্পর্কে তথ্য সরবরাহ করতে হবে যদি আপনি তথ্যের জন্য অনুরোধ করেন বা আপনি বা স্কুল যদি যথাযথ প্রক্রিয়া অভিযোগ দায়ের করেন।

প্রক্রিয়া চলাকালীন সন্তানের স্ট্যাটাস (স্টে-পুট/Stay-Put)

শৃঙ্খলা সম্পৃক্ত কোন প্রক্রিয়া ব্যতীত, রেজুলেশন প্রক্রিয়া সময়কালীন সময়ে এবং কোন নিরপেক্ষ যথাযথ প্রক্রিয়া শুনানির সিদ্ধান্তের বা আদালতের কার্যক্রমের অপেক্ষার সময় যখন যথাযথ প্রক্রিয়া অভিযোগটি অন্য পক্ষের কাছে প্রেরণ করা হয়, তখন আপনার সন্তানকে অবশ্যই তার বর্তমান শিক্ষার প্লেসমেন্টে থাকতে হবে আপনি এবং স্টেট বা স্কুল অন্যথায় সম্মত না হন। বর্তমান সেটিংয়ে থাকা সাধারণভাবে স্টে-পুট হিসাবে আখ্যায়িত হয়। যদি প্রক্রিয়ায় শৃঙ্খলা সম্পৃক্ত থাকে, তাহলে শৃঙ্খলা সংক্রান্ত বিরোধের সময় সন্তানের প্লেসমেন্টের বিষয়ে আলোচনার জন্য 'আপিলের সময় প্লেসমেন্ট' (Placement During Appeals) দেখুন।

যদি যথাযথ প্রক্রিয়া অভিযোগটি আপনার সন্তানকে পাবলিক স্কুলে প্রাথমিকভাবে ভর্তির জন্য কোন আবেদন সংক্রান্ত হয়, তাহলে আপনার সম্মতিক্রমে সকল প্রক্রিয়া শেষ না হওয়া পর্যন্ত আপনার সন্তানকে অবশ্যই পাবলিক স্কুল প্রোগ্রামে রাখা উচিত। যদি শিশু তিন বছর বয়সী হচ্ছে এবং আর্লি চাইল্ডহোড ইন্টারভেনশন (**ECI**) প্রোগ্রাম থেকে স্থানান্তরিত হচ্ছে, তাহলে stay-put (বর্তমান সেটিংয়ে থাকা) ECI পরিষেবা নয়। যদি সন্তান বিশেষ শিক্ষা এবং তৎসম্পর্কিত পরিষেবার জন্য যোগ হয় এবং

পিতামাতা সম্মত থাকে, তাহলে বিরোধপূর্ণ নয় এমন পরিষেবাদি সরবরাহ করতে হবে।

TEA কর্তৃক পরিচালিত যথাযথ প্রক্রিয়া শুনানিতে শুনানি আধিকারিক যদি আপনার সাথে সম্মত হন যে আপনার সন্তানের প্লেসমেন্ট পরিবর্তন করা উপযুক্ত, তাহলে এই প্লেসমেন্ট পরিবর্তনটি অবশ্যই আপনার এবং স্টেটের মধ্যে একটি চুক্তি হিসাবে বিবেচিত হবে। সুতরাং, এই প্লেসমেন্ট পরিবর্তনটি পরবর্তী আপিলের ফলাফল হওয়া পর্যন্ত আপনার সন্তানের বর্তমান প্লেসমেন্ট হয়ে যায়।

সমাধানের সময়কাল

তাৎক্ষণিক শুনানির কেস ব্যতিত, আপনার যথাযথ প্রক্রিয়া অভিযোগ পাওয়ার 15 কর্ম দিবসের মধ্যে স্কুলকে অবশ্যই রেজুলেশন সভা নামের একটি সভা আহবান করতে হবে যেখানে আপনি, ডিসিশন-মেকিং ক্ষমতাসম্পন্ন একজন স্কুল প্রতিনিধি, এবং আপনার এবং স্কুল দ্বারা নির্বাচিত ARD কমিটির সংশ্লিষ্ট সদস্যগণ থাকবেন। যদি সভায় আপনার অ্যাটর্নি থাকে, তাহলে স্কুলও সভায় কেবল একজন অ্যাটর্নি রাখতে পারে।

আপনি এবং স্কুল উভয়ই রেজুলেশন প্রক্রিয়া মওকুফ করার জন্য লিখিতভাবে সম্মত হয়েছেন বা তৎপরিবর্তে মধ্যস্থতা ব্যবহার করতে সম্মত হয়েছেন এরকম না হলে, রেজুলেশন সভা অবশ্যই অনুষ্ঠিত হবে। আপনি যদি সমাধানের সভায় অংশ না নেন, তাহলে সভা অনুষ্ঠিত হওয়া পর্যন্ত সমাধান প্রক্রিয়া এবং শুনানির সময়সীমা বিলম্বিত হবে।

যদি স্কুল আপনাকে রেজুলেশনের সভায় যোগ দেওয়ার জন্য যৌক্তিক সকল প্রচেষ্টা করার পরেও আপনি উপস্থিত না হন, তাহলে পরবর্তী 30 কর্ম দিবস রেজুলেশন সময় শেষে স্কুল শুনানি আধিকারিককে আপনার যথাযথ প্রক্রিয়া অভিযোগ খারিজ করতে অনুরোধ করতে পারে। নিম্নলিখিত ডকুমেন্টেশন ব্যবহার করে আপনাকে রেজুলেশন সভায় যোগ দেওয়ার জন্য স্কুলের যৌক্তিক প্রচেষ্টা দেখাতে অবশ্যই সক্ষম হতে হবে: সময় এবং স্থানের বিষয়ে পারস্পরিক সম্মতিক্রমে ব্যবস্থা নিতে স্কুলের প্রচেষ্টার একটি রেকর্ড যেমন- টেলিফোন কল করা বা কল চেষ্টার বিশদ রেকর্ড এবং সেই কলগুলির ফলাফল; আপনাকে পাঠানো চিঠিপত্রের কপি এবং প্রাপ্ত রেসপন্স; এবং আপনার বাড়ি বা কর্মস্থল ভিজিটের বিশদ রেকর্ড এবং সেই ভিজিটগুলির ফলাফল।

অন্যদিকে স্কুল যদি আপনার যথাযথ প্রক্রিয়া অভিযোগের নোটিশ পাওয়ার 15 কর্ম দিবসের মধ্যে রেজুলেশন সভা করতে ব্যর্থ হয়, বা রেজুলেশন সভায় অংশ নিতে ব্যর্থ হয়, তাহলে আপনি শুনানির আধিকারিককে রেজুলেশন সময় শেষ করতে এবং 45 কর্ম দিবস শুনানির সময়সীমা শুরু করার আদেশ দিতে অনুরোধ করতে পারেন।

সাধারণত রেজুলেশন সময়কাল 30 কর্ম দিবসের জন্য স্থায়ী হয়। তবে, যদি আপনি এবং স্কুল রেজুলেশন সভাটি মওকুফ করার জন্য লিখিতভাবে সম্মত হন, তাহলে শুনানির জন্য 45 কর্ম দিবসের সময়সীমা পরবর্তী কর্ম দিবস হতে শুরু হয়। একইভাবে আপনি এবং স্কুল যদি 30 কর্ম দিবস রেজুলেশন সময় শেষ হওয়ার আগে মধ্যস্থতা প্রক্রিয়া বা রেজুলেশন সভাটি শুরু করে থাকেন, আপনি এবং স্কুল লিখিতভাবে একমত হন যে কোন চুক্তি সম্ভব নয়, তাহলে শুনানির জন্য 45 কর্ম দিবসের সময়সীমা পরবর্তী কর্ম দিবস হতে শুরু হয়। চূড়ান্তভাবে যদি আপনি এবং স্কুল মধ্যস্থতা প্রক্রিয়াটি ব্যবহার করতে সম্মত হন, তাহলে একটি চুক্তি হওয়া পর্যন্ত উভয় পক্ষই 30 কর্ম দিবস রেজুলেশন সময় শেষে মধ্যস্থতা অব্যাহত রাখতে লিখিতভাবে সম্মত হতে পারেন। তবে যদি আপনি বা স্কুল যেকেউ মধ্যস্থতা প্রক্রিয়া থেকে সরে যান, তাহলে শুনানির জন্য 45 কর্ম দিবসের সময়সীমা পরবর্তী কর্ম দিবস হতে শুরু হয়।

যদি কোন পক্ষ সংশোধিত যথাযথ প্রক্রিয়া অভিযোগ দায়ের করে, তাহলে সংশোধিত যথাযথ প্রক্রিয়া অভিযোগ দায়ের করার সময় হতে রেজুলেশন সভার সময়সীমা এবং অভিযোগটি সমাধানের সময়সীমা (রেজুলেশন সময়কাল) শুরু হবে।

সমাধান সভার উদ্দেশ্য হল আপনাকে আপনার অনুরোধ এবং অন্তর্নিহিত বিষয়াদি স্কুলের সাথে আলোচনা করার সুযোগ দেয়া এবং স্কুলকে বিরোধটি সমাধান করার সুযোগ দেওয়া যেটি অনুরোধের ভিত্তি। আপনি যদি সভায় কোনও চুক্তিতে পৌঁছান, তাহলে আপনাকে এবং স্কুলকে অবশ্যই আপনার চুক্তি লিখিতভাবে করতে হবে এবং স্বাক্ষর করতে হবে। এই লিখিত চুক্তিটি স্টেট আইনের অধীনে এই ধরণের মামলার শুনানির জন্য ক্ষমতাসম্পন্ন যে কোন আদালতে বা ফেডারেল ডিস্ট্রিক্ট আদালতে প্রয়োগযোগ্য যদি না কোনও পক্ষ স্বাক্ষর হওয়ার তারিখ হতে তিন কর্মদিবসের মধ্যে চুক্তিটি বাতিল করে দেয়।।

স্কুল যদি আপনার যথাযথ প্রক্রিয়া অভিযোগে উত্থাপিত বিষয়াদি আপনার অভিযোগ প্রাপ্তির 30 কর্ম দিবসের মধ্যে আপনার সন্তোষজনকভাবে সমাধান না করে থাকে, 45 কর্ম দিবস শুনানির সময়সীমা শুরু হয় এবং শুনানি এগিয়ে যেতে পারে।

দ্রুত শুনানিতে সমাধানের সময়কাল

দ্রুত শুনানির ক্ষেত্রে স্কুলকে যথাযথ প্রক্রিয়া অভিযোগ পাওয়ার সাত কর্ম দিবসের মধ্যে রেজুলেশন সভা আহবান করতে হবে। আপনার অভিযোগে উত্থাপিত বিষয়াদি স্কুলের অভিযোগ পাওয়ার 15 কর্ম দিবসের মধ্যে স্কুল আপনার সন্তোষজনকভাবে সমাধান না করে থাকলে আপনার শুনানির অধিকার রয়েছে। অভিযোগ দায়েরের 20 দিনের মধ্যে শুনানি অবশ্যই অনুষ্ঠিত হতে হবে। শুনানির পরে 10 স্কুল দিবসের মধ্যে শুনানি আধিকারিককে চূড়ান্ত সিদ্ধান্ত দিতে হবে।

শুনানি

TEA শুনানি পরিচালনার জন্য নিরপেক্ষ শুনানি আধিকারিকদের সরবরাহ করে। শুনানি আধিকারিকগণ TEA বা আপনার সন্তানের পড়াশোনা বা যত্নে সমপৃক্ত কোন এজেন্সির কর্মচারী নয় এবং তাদের কোন ব্যক্তিগত বা পেশাগত স্বার্থ থাকতে পারে না যা শুনানিতে তাদের নিরপেক্ষতার সাথে সাংঘর্ষিক। শুনানি আধিকারিকের যোগ্যতা: (1) জ্ঞানী হতে হবে এবং IDEA বিধিবিধান, IDEA সম্পর্কিত ফেডারেল এবং স্টেট নিয়মকানুন, এবং ফেডারেল এবং স্টেট আদালত কর্তৃক IDEA-এর আইনী ব্যাখ্যাগুলি বুঝতে হবে; এবং (২) শুনানি পরিচালনার জন্য এবং উপযুক্ত, মানসম্মত আইনী অনুশীলনের সাথে সামঞ্জস্য রেখে সিদ্ধান্ত গ্রহণ ও লেখার জন্য জ্ঞান এবং দক্ষতা থাকতে হবে।

TEA শুনানি আধিকারিকদের একটি তালিকা রাখে যেখানে প্রত্যেক শুনানি আধিকারিকদের যোগ্যতা অন্তর্ভুক্ত থাকে। এই TEA ওয়েবসাইটে এই তালিকাটি পাওয়া যায় জেনারেল কাউন্সেল অফিস, বিশেষ শিক্ষার যথায়থ প্রক্রিয়া শুনানি (Office of General Counsel, Special Education Due Process Hearing)(Link: bit.ly/2XCdKFw) আপনি আইনি পরিষেবাদির TEA অফিস থেকেও সেই তালিকার জন্য অনুরোধ করতে পারেন, যেটির যোগাযোগের তথ্য এই ডকুমেন্টের শেষে দেয়া হয়েছে।

শুনানির আগে

যথাযথ প্রক্রিয়া শুনানির অন্তত পাঁচ কর্মদিবস আগে আপনি এবং স্কুলের শুনানির সময় উপস্থাপিত হবে এমন যে কোন প্রমাণ একে অপরের কাছে প্রকাশ করতে হবে। উভয় পক্ষই এমন কোনও প্রমাণ উপস্থাপনের চ্যালেঞ্জ করতে পারে যা সময় মতো শেয়ার করা হয়নি। একইভাবে শুনানির কমপক্ষে পাঁচ কর্মদিবস আগে আপনি এবং স্কুলের সেই তারিখের মধ্যে সম্পন্ন সকল মূল্যায়ন এবং আপনার বা স্কুল শুনানির সময় যে মূল্যায়নগুলি ব্যবহার করতে চান তার উপর ভিত্তি করা সুপারিশগুলি একে অপরের কাছে প্রকাশ করতে হবে। এই শর্ত পূরণে ব্যর্থ হলে শুনানি আধিকারিক অপর পক্ষের সম্মতি ব্যতিরেকে শুনানিতে প্রাসঙ্গিক মূল্যায়ন বা সুপারিশ উপস্থাপন থেকে যে কোনও পক্ষকে বাধা দিতে পারে।

শুনানি চলাকালে

আপনার যথাযথ প্রক্রিয়া শুনানিতে নিজেকে উপস্থাপন করার অধিকার রয়েছে। তাছাড়াও যথাযথ প্রক্রিয়া শুনানির যে কোন পক্ষের (শৃঙ্খলামূলক প্রক্রিয়া সম্পর্কিত শুনানি সহ) নিম্নোক্ত অধিকার রয়েছে:

- একজন অ্যাটর্নি এবং/ অথবা প্রতিবন্ধী শিশুদের সমস্যার বিশেষ জ্ঞানী বা প্রশিক্ষণ প্রাপ্ত ব্যক্তিদের সাথে আনা এবং তাদের পরামর্শ নেয়া;
- নিজেই প্রতিনিধিত্ব করা বা প্রতিনিধি বানানো টেক্সাস স্টেটের অনুমোদিত অ্যাটর্নিকে বা টেক্সাস স্টেটের অনুমোদিত অ্যাটর্নি না হলেও প্রতিবন্ধী বাচ্চাদের সমস্যার বিশেষ জ্ঞানী বা প্রশিক্ষণ প্রাপ্ত ব্যক্তিকে যার মধ্যে এই লিংকের যোগ্যতাগুলি সন্তোষজনকভাবে রয়েছে 19 TAC §89.1175 (Link: bit.ly/2XFtKq9)।
- প্রমাণ উপস্থাপন করা এবং মুখোমুখি হওয়া, জেরা করা, এবং সাক্ষীদের উপস্থিতি তলব করা;
- শুনানির অন্তত পাঁচ কর্মদিবস আগে পক্ষের নিকট প্রকাশ করা হয়নি এমন যে কোন প্রমাণ শুনানির সময় উপস্থাপন করতে নিষেধ করা;
- শুনানির লিখিত, বা, আপনার পছন্দ মতো, ইলেক্ট্রনিক, শব্দ-শব্দ রেকর্ড পাওয়া; এবং
- লিখিত, বা, আপনার পছন্দ মতো, তদন্ত এবং সিদ্ধান্তসমূহ পাওয়া।

শুনানিতে পিতামাতা/অভিভাবকের অধিকার

আপনাকে অবশ্যই এই নিম্নোক্ত অধিকারটি দেওয়া হবে:

- শুনানিতে আপনার শিশুকে উপস্থিত করা;

- শুনানি জনতার কাছে উন্মুক্ত করা; এবং
- শুনানি, অনুসন্ধান, এবং সিদ্ধান্তগুলির রেকর্ড আপনাকে বিনামূল্যে সরবরাহ করা।

শুনানির পরে

শুনানি আধিকারিক সিদ্ধান্ত জারি করবেন। আপনার শিশু FAPE পেয়েছে কিনা তার ব্যাপারে শুনানি আধিকারিকের সিদ্ধান্ত অবশ্যই বাস্তবতা অনুযায়ী হতে হবে। আপনি যদি কোন প্রক্রিয়াগত ত্রুটি সম্পর্কে অভিযোগ করেন, তাহলে শুনানি আধিকারিক কেবলমাত্র একটি খুঁজে পাবেন যে আপনার শিশু FAPE পায়নি যদি ত্রুটিটি: আপনার সন্তানের FAPE-এর অধিকার বাধাগ্রস্ত করেছে; আপনার সন্তানকে শিক্ষাগত সুবিধা থেকে বঞ্চিত করেছে; বা আপনার সন্তানের FAPE সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়ায় অংশ নেওয়ার ক্ষেত্রে আপনার সুযোগকে উল্লেখযোগ্যভাবে হস্তক্ষেপ করেছে। IDEA পার্ট B (34 CFR §§500 through 300.536) এর অধীনে ফেডারেল বিধিবিধানের পদ্ধতিগত সুরক্ষা বিভাগে শর্তাদি মেনে চলতে কোনও স্কুলকে আদেশ প্রদান থেকে শুনানি আধিকারিককে বাধা দিতে উপরে বর্ণিত বিধানগুলির কোনটি ব্যাখ্যা করা যায় না।

TEA নিশ্চিত করবে যে ৩০ কর্ম দিবসের রেজুলেশন সময় বা প্রযোজ্য ক্ষেত্রে বিন্যস্ত রেজুলেশন সময়কাল শেষ হওয়ার পর ৪৫ কর্ম দিবসের মধ্যে একটি চূড়ান্ত শুনানি সিদ্ধান্ত সম্পন্ন হয়েছে এবং পক্ষগুলিকে মেইল করা হয়েছে। দ্রুত শুনানির ক্ষেত্রে TEA নিশ্চিত করবে যে শুনানির তারিখ থেকে 10 স্কুল দিবসের মধ্যে একটি চূড়ান্ত সিদ্ধান্ত সম্পন্ন হয়েছে। ধীর শুনানির ক্ষেত্রে শুনানির জন্য উভয় পক্ষের অনুরোধে শুনানি আধিকারিক কোন ভাল কারণে একটি নির্দিষ্ট সময় বর্ধন মঞ্জুর করতে পারেন। শুনানি আধিকারিক দ্রুত শুনানির ক্ষেত্রে কোন সময় বর্ধন মঞ্জুর করতে পারেন না। শুনানি কর্মকর্তার সিদ্ধান্তই (শৃঙ্খলামূলক প্রক্রিয়ার শুনানির সিদ্ধান্তসহ) চূড়ান্ত যদি শুনানির কোন পক্ষ (আপনি বা স্কুল) নিচে বর্ণিত অনুসারে স্টেট বা ফেডারেল আদালতে আপিল না করেন।

শুনানি আধিকারিক প্রদত্ত সময়সীমার মধ্যে অবশ্যই স্কুলকে শুনানি আধিকারিকের সিদ্ধান্ত কার্যকর করতে হবে, বা যদি কোন সময়সীমার বিবরণ না থাকে, তাহলে সিদ্ধান্তটি জারি হওয়ার তারিখ হতে 10 স্কুল দিবসের মধ্যে যদিও স্কুল সিদ্ধান্তটি আপিল করে, তবে অতীতের খরচের জন্য অর্থ ফেরৎ ক্রিয়া আপিলের সমাধান না হওয়া পর্যন্ত আটকানো যাবে। IDEA পার্ট B (34 C.F.R. §§300.500 through 300.536) এর অধীনে ফেডারেল বিধিবিধানের পদ্ধতিগত সুরক্ষা বিভাগের কোন কিছুর ব্যাখ্যা আপনাকে পৃথক একটি যথাযথ প্রক্রিয়া অভিযোগ দায়ের করতে বাধা দিতে পারেনা ইতোমধ্যে দায়েরকৃত যথাযথ প্রক্রিয়া শুনানির চেয়ে পৃথক ইস্যুতে।

উপদেষ্টা প্যানেল এবং সাধারণ জনতার কাছে অনুসন্ধান এবং সিদ্ধান্ত

শুনানি আধিকারিকের সিদ্ধান্ত থেকে ব্যক্তিগতভাবে সনাক্তযোগ্য সব তথ্য মুছে ফেলার পরে TEA -কে অবশ্যই স্টেট উপদেষ্টা প্যানেলের কাছে সিদ্ধান্তটি (যেখানে শুনানি আধিকারিকের অনুসন্ধান ও সিদ্ধান্ত রয়েছে) সরবরাহ করতে হবে। টেক্সাসে স্টেট উপদেষ্টা প্যানেলকে ধারাবাহিক উপদেষ্টা কমিটি (Continuing Advisory Committee) বলা হয়। TEA -কে সিদ্ধান্ত অবশ্যই জনগণের কাছেও উপলব্ধ করতে হবে।

দেওয়ানি মামলা (Civil Action)

যে কোন পক্ষ (আপনি বা স্কুল) যিনি যথাযথ প্রক্রিয়া শুনানির অনুসন্ধান এবং সিদ্ধান্তের সাথে একমত নন (শৃঙ্খলামূলক প্রক্রিয়ার শুনানি সহ) শুনানি আধিকারিকের অনুসন্ধান এবং সিদ্ধান্তের বিষয়ে যথাযথ প্রক্রিয়া শুনানির বিষয়বস্তুর উপর একটি দেওয়ানি মামলা দ্বারা আপিল করার অধিকার রয়েছে। এই মামলাটি এই ধরণের মামলার শুনানির অধিকার রাখে এমন কোন স্টেট আদালতে যা যুক্তরাষ্ট্রে কোন ডিস্ট্রিক্ট আদালতে বিরোধের পরিসর বিবেচনা ব্যতিত আনা যেতে পারে এবং সিদ্ধান্ত জারি হওয়ার তারিখ থেকে অনধিক 90 দিনের মধ্যে আনতে হবে। আপিলের প্রক্রিয়ার অংশ হিসাবে আদালতকে যথাযথ প্রক্রিয়া শুনানির রেকর্ডগুলি গ্রহণ করতে হবে, উভয় পক্ষের অনুরোধে অতিরিক্ত প্রমাণাদি শুনতে হবে, প্রমাণ উপস্থাপনের ভিত্তিতে সিদ্ধান্তের ভিত্তি রাখতে হবে এবং একটি উপযুক্ত প্রতিকার মঞ্জুর করতে হবে।

IDEA-এর কোন কিছু মার্কিন সংবিধানের আমেরিকান প্রতিবন্ধী আইন 1990, টাইটেল V পুনর্বাসন আইন 1973 (সেকশন 504) এর অধীনে প্রাপ্ত অধিকার, প্রক্রিয়া এবং প্রতিকারগুলিকে সীমাবদ্ধ করতে পারেনা, বা প্রতিবন্ধী সন্তানদের অধিকার রক্ষার যে কোনও ফেডারেল আইন, IDEA পার্ট B এর অধীনে প্রাপ্ত প্রতিকার তলব করে আদালতে এই আইনের অধীনে একটি দেওয়ানি মামলা দায়ের করার আগে ব্যতীত, IDEA-এর অধীনে প্রদত্ত এবং উপরে বর্ণিত যথাযথ প্রক্রিয়া শুনানির পদ্ধতিগুলি আপনি

IDEA পার্ট B এর অধীনে মামলাটি দায়ের করলে প্রয়োজনীয় পরিসরে সমাপ্ত হতে হবে। এর অর্থ হল আইডিইএ এর অধীনে উপলব্ধ অন্যান্য আইনের অধীনে আপনার প্রতিকারগুলি পাওয়া যেতে পারে, তবে সাধারণভাবে, এই অন্যান্য আইনের প্রতিকার পেতে আপনাকে আদালতে কোন পদক্ষেপ নেওয়ার আগে প্রথমে অবশ্যই IDEA-এর অধীন উপলব্ধ প্রশাসনিক প্রতিকারগুলি ব্যবহার করতে হবে (যেমন, যথাযথ প্রক্রিয়া অভিযোগ; রেজুলেশন মিটিং সহ রেজুলেশন প্রক্রিয়া; এবং নিরপেক্ষ যথাযথ শুনানি প্রক্রিয়ার পদ্ধতিসমূহ)।

অ্যাটর্নির ফি

IDEA পার্ট B এর অধীনে আনীত কোন মামলা বা প্রক্রিয়ার ক্ষেত্রে আদালত তার বিবেচনার ভিত্তিতে আপনার খরচের অংশ হিসাবে ন্যায্য অ্যাটর্নি ফি আরোপ করতে পারে আপনি যদি জয় লাভ করেন।

IDEA পার্ট B এর অধীনে আনীত কোন মামলা বা প্রক্রিয়ার ক্ষেত্রে আদালত তার বিবেচনার ভিত্তিতে খরচের অংশ হিসাবে ন্যায্য অ্যাটর্নি ফি জয়লাভকারী স্কুল বা স্টেট শিক্ষা এজেন্সিকে আরোপ করতে পারে যা আপনার অ্যাটর্নি কর্তৃক পরিশোধিত হবে, যদি অ্যাটর্নি: (ক) এমন কোন অভিযোগ বা কোর্ট মামলা করেন যা আদালত অবাস্তব, অযৌক্তিক বা ভিত্তিহীন হিসাবে খুঁজে পায়; **বা** (খ) মামলা মোকদ্দমা স্পষ্টভাবে নিষ্প্রভ, অযৌক্তিক বা ভিত্তিহীন হয়ে যাওয়ার পরেও মামলা চালাতে থাকে; **বা**

IDEA পার্ট B এর অধীনে আনীত কোন মামলা বা প্রক্রিয়ার ক্ষেত্রে আদালত তার বিবেচনার ভিত্তিতে খরচের অংশ হিসাবে ন্যায্য অ্যাটর্নি ফি জয়লাভকারী স্কুল বা স্টেট শিক্ষা এজেন্সিকে আরোপ করতে পারে যা আপনার অ্যাটর্নি কর্তৃক পরিশোধিত হবে যদি যথাযথ প্রক্রিয়া শুনানি বা পরবর্তী কোর্ট মামলার জন্য আপনার অনুরোধটি হয়রানি করা, অপ্রয়োজনীয় বিলম্ব ঘটানো, বা অযথা মামলা বা প্রক্রিয়া (শুনানির) খরচ বাড়ানোর মতো কোন অনুচিত উদ্দেশ্যে হয়।

নিম্নের হারে একটি আদালত ন্যায্য অ্যাটর্নি ফি আরোপ করে:

- ফি অবশ্যই সমাজে প্রচলিত হারে হওয়া উচিত যেখানে পরিষেবা প্রদানের ধরণের এবং গুণমানের জন্য মামলা বা শুনানি হয়েছিল। আরোপিত ফি গণনা করার ক্ষেত্রে কোন বোনাস বা গুণক ব্যবহার করা যাবে না।
- IDEA পার্ট B এর অধীনে নিষ্পত্তির লিখিত অফার করার পরে সম্পাদিত পরিষেবার জন্য আপনার জন্য করা কোন মামলা বা প্রক্রিয়ায় ফি আরোপিত না হতে পারে এবং তৎসম্পর্কিত ব্যয়ও ফেরৎ দেয়া না হতে পারে যদি:
    - অফারটি দেওয়ানী কার্যবিধির ফেডারেল বিধিমালার বিধি 68 দ্বারা নির্ধারিত সময়ের মধ্যে বা, যথাযথ প্রক্রিয়া শোনানির ক্ষেত্রে, প্রক্রিয়া শুরু হওয়ার 10 কর্ম দিবসের পরে যে কোন সময় দেওয়া হয়;
    - অফারটি 10 কর্ম দিবসের মধ্যে গৃহীত হয় না; এবং
    - আদালত বা প্রশাসনিক শুনানি আধিকারিক বুঝেছেন যে চূড়ান্তভাবে আপনার প্রাপ্ত প্রতিকার নিষ্পত্তির অফারের চেয়ে আপনার পক্ষে বেশি অনুকূল নয়।

এই সীমাবদ্ধতা সত্ত্বেও অ্যাটর্নির ফি বা তৎসম্পর্কিত একটি খরচ আপনার উপর আরোপিত হতে পারে যদি আপনি বিজয়ী হন এবং নিষ্পত্তির অফার প্রত্যাখ্যান করার ক্ষেত্রে আপনার পক্ষে যথেষ্ট যুক্তি ছিল।

প্রশাসনিক প্রক্রিয়া বা আদালতের ব্যবস্থা গ্রহণের ফলে সভা অনুষ্ঠিত না হলে ARD কমিটির কোন সভা সম্পর্কিত ফি আরোপ করা যাবে না। উপরে বর্ণিত অনুসারে একটি রেজুলেশন সভাকে প্রশাসনিক শুনানি বা আদালতের ব্যবস্থা গ্রহণের ফলে আহবান করা সভা হিসাবে বিবেচনা করা হয় না এবং তা অ্যাটর্নি ফি আরোপের উদ্দেশ্যে প্রশাসনিক শুনানি বা আদালতের ব্যবস্থা গ্রহণ হিসাবে বিবেচিত হবে না।

IDEA পার্ট B এর অধীনে আরোপিত অ্যাটর্নি ফি'র পরিমাণ আদালত উপযুক্ত অনুসারে হ্রাস করতে পারে, যদি আদালত এটি খুঁজে পায় যে:

- আপনি বা আপনার অ্যাটর্নি, মামলা বা প্রক্রিয়া চলাকালীন বিরোধের চূড়ান্ত রেজুলেশনটি অযৌক্তিকভাবে বিলম্ব করেছিলেন;
- অন্যথায় অনুমোদিত আরোপযোগ্য অ্যাটর্নি ফি'র পরিমাণ সমাজে প্রচলিত অনুরূপ দক্ষতা, খ্যাতি, এবং অভিজ্ঞতার অ্যাটর্নির যৌক্তিক অনুরূপ পরিষেবাদির চেয়ে প্রতি ঘন্টা হার অযৌক্তিকভাবে অতিক্রম করেছিল;

- ব্যয় করা সময় এবং প্রদত্ত আইনী পরিষেবাদি মামলা বা প্রক্রিয়ার প্রকৃতির বিবেচনায় অতিরিক্ত ছিল; বা
- আপনার প্রতিনিধিত্বকারী অ্যাটর্নি যথাযথ প্রক্রিয়া পদ্ধতির বিভাগে উপরে বর্ণিত যথাযথ প্রক্রিয়া অভিযোগের উপযুক্ত তথ্য স্কুলে সরবরাহ করেননি।

তবে, আদালত ফি হ্রাস করতে পারবে না যদি তা দেখে যে স্কুল বা স্টেট অযৌক্তিকভাবে এই মামলা বা প্রক্রিয়ার চূড়ান্ত সমাধান বিলম্ব করেছে বা IDEA পার্ট B এর পদ্ধতিগত সুরক্ষার বিধানগুলি লঙ্ঘন করেছে।

বিশেষ শিক্ষা যথাযথ প্রক্রিয়া শুনানি প্রোগ্রাম সংক্রান্ত স্টেট বিধিবিধান এখানে শুরু হয় 19 TAC §89.1151 (লিংক: bit.ly/3nQcmtG)।

এই পৃষ্ঠাটি ইচ্ছাকৃতভাবে ফাঁকা রাখা হয়েছে।

যোগাযোগের তথ্য

এই ডকুমেন্টের তথ্য সম্পর্কে আপনার যদি কোন প্রশ্ন থাকে বা আপনাকে এটি ব্যাখ্যা করার জন্য কারো প্রয়োজন হয়, তাহলে যোগাযোগ করুন:

স্থানীয় যোগাযোগের তথ্য

স্কুল: নাম: টেলিফোন নম্বর: ইমেল:	শিক্ষা পরিষেবা কেন্দ্র: নাম: টেলিফোন নম্বর: ইমেল:	অন্য রিসোর্স: নাম: টেলিফোন নম্বর: ইমেল:

আপনার যদি বিশেষ শিক্ষার সমস্যা সম্পর্কিত তথ্য দরকার হয়, আপনি বিশেষ শিক্ষা তথ্য কেন্দ্রে 1-855-SPEDTEX (1-855-773-3839) এ কল দিতে পারেন। আপনি যদি এই নম্বরে কল করেন এবং কোন ম্যাসেজ পাঠান, তাহলে কেউ স্বাভাবিক কর্ম ঘন্টায় আপনার কলে রেসপন্স করবে। বধির বা শ্রুতি-দুর্বল ব্যক্তিরা 7-1-1 এ রিলে টেক্সাস ব্যবহার করে SPEDTEX নম্বরে কল করতে পারেন।

আপনার যদি বিশেষ শিক্ষার অভিযোগ সংক্রান্ত প্রশ্ন করা বাকি থাকে, তাহলে দয়া করে 512-463-9414 এ কল করুন। আপনার যদি কোন মুলতুবি মধ্যস্থতা বা যথাযথ প্রক্রিয়া শুনানি সংক্রান্ত প্রশ্ন থাকে, তাহলে যথাক্রমে নির্ধারিত মধ্যস্থতা বা শুনানি আধিকারিকের সাথে যোগাযোগ করুন।

বিরোধ সমাধানের যোগাযোগের তথ্য

IEP সুবিধার জন্য অনুরোধ করলে অনুরোধটি এখানে প্রেরণ করুন:	বিশেষ শিক্ষা অভিযোগ দায়ের করলে অভিযোগটি প্রেরণ করুন:	মধ্যস্থতার অনুরোধ করলে অনুরোধটি এখানে প্রেরণ করুন:	যথাযথ প্রক্রিয়া অভিযোগ দায়ের করলে অভিযোগটি এখানে প্রেরণ করুন:
State IEP Facilitation Project Texas Education Agency 1701 N. Congress Avenue Austin, TX 78701-1494 বা ফ্যাক্স: 512-463-9560 বা specialeducation@tea.texas.gov	**Special Education Complaints Unit** Texas Education Agency 1701 N. Congress Avenue Austin, TX 78701-1494 বা ফ্যাক্স: 512-463-9560 বা specialeducation@tea.texas.gov	**Mediation Coordinator** Texas Education Agency 1701 N. Congress Avenue Austin, TX 78701-1494 বা ফ্যাক্স: 512-463-6027 বা SE-Legal@tea.texas.gov	**Special Education Due Process Hearings** Texas Education Agency 1701 N. Congress Avenue Austin, TX 78701-1494 বা ফ্যাক্স: 512-463-6027 বা SE-Legal@tea.texas.gov

দয়া করে TEA-এর বিশেষ শিক্ষা বিভাগের ওয়েবসাইটটি দেখুন https://tea.texas.gov/TexasSped